minister AC
মাসিক কিস্তি
৳২০০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

minister
Voice Control Smart Tv
ঈদ সালামি অফার
ফ্রি!
55MG5010B ৳৬৩,৩৩৩
৳৪৯,০০০
বিস্তারিতঃ ০৯৬০৬ ৭০০৭০০
*শর্ত প্রযোজ্য

বুধবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৭১ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২১ আষাঢ় ১৪৩০ ॥ ১৬ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ০৫ জুলাই ২০২৩



## ফখরুলের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগ কাদেরের

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগ করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি ঐতিহ্যগতভাবে গণতন্ত্রবিরোধী ও ষড়যন্ত্রনির্ভর রাজনৈতিক দল।



## ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে জাপার বৈঠক

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলির সঙ্গে বৈঠক করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের। গতকাল মঙ্গলবার চার্লস হোয়াইটলির গুলশানের বাসভবনে বৈঠকটি অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ২-এর পাতায় দেখুন



## মির্জা ফখরুলের সঙ্গে ইইউ রাষ্ট্রদূতের বৈঠক

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে বৈঠকে বসেছেন ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি। গতকাল মঙ্গলবার বিকেল ৩টায় গুলশানে বিএনপি চেয়ারপারসনের অফিসে এ বৈঠক শুরু হয়।



## প্রধানমন্ত্রীর পক্ষ থেকে সৌদি যুবরাজকে শুভেচ্ছা জানালেন সালমান এফ রহমান

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে সৌদি যুবরাজকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান। এসময় যুবরাজ মোহাম্মদ বিন সালমানও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানান।

সৌদি আরবের মিনা প্যালেসে গত শুক্রবার সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিয়ে উভয় নেতা শুভেচ্ছা বিনিময় করেন। প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টার দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

# বাংলাদেশের সংস্কৃতিকে বিশ্ব অঙ্গনে তুলে ধরতে কাজ করছে সরকার : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার বাংলাদেশের সংস্কৃতিকে বিশ্ব পরিমন্ডলে প্রতিষ্ঠিত করতে পদক্ষেপ নেবে। পাশাপাশি নতুন প্রজন্মের চিন্তাধারার সাথে তাল মিলিয়ে বাংলাদেশের সংস্কৃতির বিকাশে জোরালো উদ্যোগ নেবে যাতে, এই নতুন প্রজন্ম তাদের সংস্কৃতির স্বাতন্ত্র্য ভুলে না যায়।



ছয়টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং আরেকটি উদ্বোধনের সময় শেখ হাসিনা বলেন, ‘আমরা যেমন আর্থ-সামাজিক অগ্রগতির দিকে এগিয়ে যাচ্ছি, তেমনি আমাদের সাংস্কৃতিকভাবেও এগিয়ে যেতে হবে। আমরা প্রয়োজনীয় ব্যবস্থা নেব যাতে আমাদের সংস্কৃতি বিশ্ব অঙ্গনে একটি শক্তিশালী অবস্থান নিতে পারে।’

সরকার প্রধান গতকাল তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজধানীর শাহবাগে বাংলাদেশ জাতীয় জাদুঘরে সংস্কৃতি মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে যুক্ত হন।

তিনি বলেন, তাঁর সরকার সংস্কৃতির আরও উন্নতির জন্য প্রযুক্তিকে অন্তর্ভুক্ত করতে কাজ করছে।

প্রধানমন্ত্রী বলেন, ‘নতুন প্রযুক্তির আবির্ভাবে আমাদের বাচ্চাদের চিন্তাভাবনা এবং বিশ্বাসগুলো সর্বদা পরিবর্তিত হচ্ছে। তাদের চিন্তাধারা অনুযায়ী ২-এর পাতায় দেখুন

# সরকারি চাকরিতে আর কোনো মুক্তিযোদ্ধা নেই : মুক্তিযুদ্ধামন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** সরকারি চাকরিতে আর কোনো বীর মুক্তিযোদ্ধা কর্মরত নেই বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধা বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। তিনি বলেন, একজন বীর মুক্তিযোদ্ধার চাকরি সময় ছিল ২০১৯ সালের ৩০ মে পর্যন্ত।



গতকাল মঙ্গলবার জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে উত্থাপিত প্রশ্নোত্তর পর্বে একথা বলেন তিনি। সংসদ সদস্য এ কে এম রহমতুল্লাহর প্রশ্নের জবাব দেন মন্ত্রী। মুক্তিযুদ্ধমন্ত্রী বলেন, মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী বীর মুক্তিযোদ্ধার সর্বশেষ জন্ম তারিখ ৩০ মে, ১৯৫৯। সে অনুযায়ী একজন বীর মুক্তিযোদ্ধার চাকরিকাল ছিল ৩০ মে, ২০১৯ পর্যন্ত। বিধি অনুযায়ী বর্তমানে কোনো বীর মুক্তিযোদ্ধা সরকারি চাকরিতে কর্মরত নেই। ২০১৮ সালের ১৭ জানুয়ারি বীর মুক্তিযোদ্ধাদের বয়স সংক্রান্ত পরিপত্র জারি করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

চাকরিরত বা চাকরিরত নয় এমন বীর মুক্তিযোদ্ধার জীবিতকাল পর্যন্ত এবং মৃত্যুর পর ওয়ারিশরা (স্ত্রী ও সন্তান) ভাতা প্রাপ্য হবে জানিয়ে মুক্তিযুদ্ধমন্ত্রী আরও বলেন, ‘বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২০’ এর নির্দেশনা অনুসরণে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা ২-এর পাতায় দেখুন

## কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন



**আব্দুর রউফ, কোটচাঁদপুর :** ঝিনাইদহ জেলা ক্রীড়া সংস্থা ও কোটচাঁদপুর উপজেলা ক্রীড়া সংস্থার আয়োজনে মঙ্গলবার বিকালে সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী আন্তঃইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসক এস,এম রফিকুল ইসলাম। সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। বিশেষ অতিথি ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহ পৌর স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ পৌর স্বেচ্ছাসেবক লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল (মঙ্গলবার) বিকালে শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে সম্মেলনের উদ্বোধন করেন কেন্দ্রীয় কমিটির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ক সম্পাদক ওবায়দুল হক খাঁন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাকালীন কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। আশরাফুল ইসলামের ২-এর পাতায় দেখুন

## কুষ্টিয়ায় বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর সিদ্দিক স্মরণ সভায় মাহবুব-উল-আলম হানিফ এমপি

**মোঃ হাবিবুর রহমান :** কুষ্টিয়য় সদর উপজেলার বটতৈল ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি প্রয়াত বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর সিদ্দিক স্মরনে শোক সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার আলোচনা ও দোয়া মাহ-ফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া উন্নয়নের রূপকার মাহবুবউল আলম হানিফ এমপি । এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মোঃ আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আসগর আলী , ২-এর পাতায় দেখুন



## আফগানদের বিপক্ষে আজ মাঠে নামবে টাইগাররা

**স্পোর্টস প্রতিবেদক :** রেকর্ড ৫৪৬ রানের ব্যবধানে একমাত্র টেস্ট জয়ের পর তারকা স্পিনার রশিদ খানের প্রত্যার্তনে শক্তিশালী হওয়া আফগানিস্তানের বিপক্ষে তিন ওয়ার্ডে সিরিজও নিজেদের আধিপত্য বিস্তারের অঙ্গীকারাবদ্ধ বাংলাদেশ ক্রিকেট দল। চট্টগ্রামের জহুর আহমেদ স্টেডিয়ামে আজ বুধবার সিরিজের উদ্বোধনী ম্যাচে জয়ী হয়ে শুরুতেই এগিয়ে যেতে চায় বাংলাদেশ। ম্যাচটি শুরু হবে বেলা দুইটায় সিরিজের সব ম্যাচই অনুষ্ঠি হবে এ ভেন্যুতে। আইসিসি ওয়ানডে সুপার লিগে শক্তিশালী একটি দল ছিল আফগানিস্তান। ১৫ ম্যাচের মধ্যে ১১টিতে জয়ী হয়েছে তারা। তবে ওয়ানডে ক্রিকেটে বাংলাদেশের বিপক্ষে প্রাধান্য বিস্তারের ২-এর পাতায় দেখুন




## মহেশপুরে সড়ক দূর্ঘটনায় আঃ লীগ নেতা নিহত

**মো ঃ আজাদ :** খালিশপুর থেকে ভ্যান যোগে বাড়ী ফেরার সময় ভ্যান আর ট্রাকের সংর্ঘষে ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রয়েত আলী (৬৫) নিহত হয়েছে। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার দিকে ঝিনাইদহের মহেশপুর উপজেলার খালিশপুর জীবননগর সড়কের গোয়ালহুদা নামক স্থানে।

কৃষ্ণচন্দ্রপুর গ্রামের সাংবাদিক শহিদুল ইসলাম জানান, দুপুর সাড়ে ১২টার দিকে ফতেপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ড শাড়াতলা গ্রামের আওয়ামীলীগের সভাপতি রয়েত আলী খালিশপুর থেকে ভ্যান যোগে বাড়ী ফিরছিলেন। ব্রীজ পার হয়ে গোয়ালহুদা ২-এর পাতায় দেখুন

## উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে সবাইকে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে : এমপি টগর

**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোহাম্মদ আলী আজগার টগর এমপি বলেছেন, ‘বঙ্গবন্ধু বিহীন বাংলাদেশে তার কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আজকে উন্নয়নের মহাসড়কে। বাংলাদেশ আজকে উন্নয়নে বিশ্বের রোল মডেল। আজকে প্রতিটি সেক্টরে উন্নয়নের ছোঁয়া লেগেছে। নারী-পুরুষ আজকে সমান তালে এগিয়ে যাচ্ছে। এই উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে সবাইকে নিজ নিজ জায়গায় থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে।



মঙ্গলবার সকালে চুয়াডাঙ্গার জীবননগর পৌর আওয়ামী লীগের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

জীবননগর পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি সেকেন্দার আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর নিজ উদ্যোগে উপহার সামগ্রী বিতরণ

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন পক্ষ থেকে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন গ্রামের মা-বোনদের মাঝে উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টার মিলনায়তনে উপহার সামগ্রী বিতরণ করা হয়। জনপ্রশাসন ২-এর পাতায় দেখুন

## পাপিয়াকে কুমিল্লা কারাগারে স্থানান্তর

**নিজস্ব প্রতিবেদক :** যুব মহিলা লীগ থেকে বহিষ্কৃত নেত্রী কারাবন্দী শামীমা নুর পাপিয়াকে গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় মহিলা কারাগার থেকে কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর করা হয়েছে।

গত সোমবার বিকেল ৫টায় তাকে বিশেষ নিরাপত্তায় গাজীপুরের কাশিমপুর কারাগার থেকে কুমিল্লা কারাগারে পাঠানো হয় বলে নিশ্চিত করেছেন কাশিমপুর কেন্দ্রীয় মহিলা কারাগারের সিনিয়র জেল সুপার (ভারপ্রাপ্ত) ওবায়দুর রহমান।

তিনি জানান, সাম্প্রতিক কিছু ঘটনার কারণে কারাগার অভ্যন্তরে শৃঙ্খলা রক্ষা ও নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে এ কারাগারে বন্দী শামীমা নুর ২-এর পাতায় দেখুন



চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার প্রবীণ আওয়ামী লীগ নেতা নুর ইসলামের অসুস্থতার খবর শুনে তাকে দেখতে যান চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগর। তিনি নুর ইসলামের সার্বিক খোঁজ খবর নেই। সেই সাথে সহযোগিতার আশ্বাস দেন।

## আরও উন্নত প্রযুক্তির যুদ্ধবিমান কেনার পরিকল্পনা রয়েছে

**নিজস্ব প্রতিবেদক :** বিমান বাহি-নীকে যুগোপযোগী ও আধুনিকায়নের লক্ষ্যে ভবিষ্যতে ফোর্সেস গোল ২০৩০ এর আলোকে আরও উন্নত প্রযুক্তির যুদ্ধবিমান কেনার পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল মঙ্গলবার জাতীয় সংসদের প্রশ্নোত্তরে লক্ষ্মীপুর-১ আসনের সংসদ সদস্য আনোয়ার হোসেন খানের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। স্পিকার শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

## প্রধানমন্ত্রীর সঙ্গে মেজর আখতারুজ্জামানের সাক্ষাৎ, বাকিরা অপেক্ষায়

**নিজস্ব প্রতিবেদক :** মেজর (অব.) আখতারুজ্জামান বিএনপির সাবেক সংসদ সদস্য এবং কিশোরগঞ্জ জেলা বিএনপির সাবেক সভাপতি। দলীয় শৃংখলা পরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে একাধিকবার দল থেকে বহিষ্কৃত হয়েছে তিনি। সর্বশেষ ২০২২ সালের ফেব্রুয়ারিতে তাকে আবার দল থেকে বহিষ্কার করা হয়।



সম্প্রতি গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ এবং বৈঠক করেছেন বিএনপি থেকে বহিষ্কৃত সাবেক এই সংসদ সদস্য। বৈঠকে কি নিয়ে আলোচনা হয়েছে সে বিষয়ে স্পষ্টত কিছু জানা না গেলেও প্রধানমন্ত্রীর সঙ্গে মেজর (অব.) আখতারুজ্জামানের সাক্ষাতের বিষয়টি নিয়ে রাজনৈতিক অঙ্গনে নানামূখী কানাঘুষা চলছে। উকিল সাত্তারের মতো তিনিও আগামী জাতীয় সংসদ নির্বাচন করবেন কিনা ইত্যাদি প্রসঙ্গতটিও সামনে আসছে। তবে শুধু মেজর (অব.) আখতারুজ্জামান নয়, বিএনপি থেকে বহিষ্কৃত আরও একাধিক নেতা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের অপেক্ষায় আছেন এমন তথ্য পাওয়া গেছে।

উল্লেখ্য, নির্দলীয় নিরপেক্ষ ২-এর পাতায় দেখুন



## চট্টগ্রাম-কক্সবাজার রেললাইনের ৮২ কিলোমিটার দৃশ্যমান

**নিজস্ব প্রতিবেদক :** দোহাজারী-কক্সবাজার রেললাইনে ট্রেন চলাচলের জন্য কাজ চলছে পুরোদমে। ইতোমধ্যে ১০০ কিলোমিটার রেললাইনের মধ্যে ৮২ কিলোমিটার দৃশ্যমান হয়েছে। শেষের পথে এই লাইনে নির্মাণাধীন ছোট-বড় ব্রিজ, কালভার্ট ও স্টেশন। অর্থাৎ সবমিলিয়ে ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

বুধবার ০৫ জুলাই ২০২৩

# সিলেটে বন্যার পরিস্থিতি উন্নতির আশা বিপৎসীমা পেরোতে পারে তিস্তার পানি

**নিজস্ব প্রতিবেদক :** নদ-নদীর পানি কমতে থাকায় সিলেট অঞ্চলে বন্যা পরিস্থিতি ক্রমে উন্নতির দিতে যেতে পারে। তবে উত্তরাঞ্চলের নদীগুলোর পানি দ্রুত বাড়ছে। আগামী ২৪ ঘণ্টায় তিস্তা নদীর পানি নীলফামারীর ডালিয়া পয়েন্টে বিপৎসীমা পার হতে পারে। গতকাল মঙ্গলবার দুপুরে পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থার প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। একই সঙ্গে দেশের উত্তর-পূর্বাঞ্চলের তিনটি নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে বলেও জানিয়েছে বন্যা সতর্কীকরণ কেন্দ্র। টানা বৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে সুনামগঞ্জের সুরমা, যাদুকাটা, কুশিয়ারা ও রক্তি নদীর পানি বেড়ে বন্যা পরিস্থিতির সৃষ্টি করেছে। সুনামগঞ্জ সদর, ছাতক, তাহিরপুর, দোয়ারাবাজার, বিশ্বম্ভরপুর, মধ্যনগরসহ ছয় উপজেলার নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। তলিয়ে গেছে রাস্তাঘাট, ঘরবাড়ি। পানিবন্দি হয়ে পড়েছেন এসব এলাকার পাঁচ লাখের বেশি মানুষ। নদ-নদীর পানি বেড়ে বন্যার সৃষ্টি হয়েছে নেত্রকোণাতেও। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সহকারী প্রকৌশলী পার্থ প্রতীম বড়ুয়া জানান, ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীর পানি বাড়ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে। দেশের উত্তর-পূর্বাঞ্চলের সব প্রধান নদ-নদীর পানি কমছে জানিয়ে তিনি বলেন, পানি কমার এ ধারা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে। ফলে সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার ২-এর পাতায় দেখুন



## ইউনিয়ন পরিষদের কর্মদক্ষতা মূল্যায়ন করবে স্থানীয় সরকার বিভাগ

**নিজস্ব প্রতিবেদক :** প্রতি বছরের মতো এবারও ইউনিয়ন পরিষদের কর্মদক্ষতা মূল্যায়ন করার সিদ্ধান্ত নিয়েছে স্থানীয় সরকার বিভাগ। এ লক্ষ্যে দেশের সকল বিভাগীয় কমিশনার, উপজেলা নির্বাহী অফিসারকে (ইউএনও) চিঠি পাঠিয়েছে স্থানীয় সরকার বিভাগ। রোববার পাঠানো চিঠিতে বলা হয়, স্থানীয় সরকার বিভাগকর্তৃক প্রতি বছরের ন্যায় ২০২২-২০২৩ অর্থবছরের ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে ২০২২-২০২৩ অর্থবছরের ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরম আপলোড করা হয়েছে। ïïï.ষমফ.মড়া.নফ এর ফরমলিংক থেকে নির্ধারিত ফরম ডাউনলোড করা যাবে। এতে বলা হয়, উপজেলা নির্বাহী অফিসাররা সরেজমিনে পরিদর্শন করে মূল্যায়ন ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ৩১ জুলাইয়ের মধ্যে প্রতি স্বাক্ষর ক্রমে এ বিভাগে প্রেরণ করা প্রয়োজন। কারিগরি ত্রুটির ফলে ফরম ডাউনলোড করা সম্ভব না হলে নির্ধারিত ফরমের হার্ডকপি ফটোকপি করে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা যাবে। চিঠিতে বিভাগীয় কমিশনারদের উদ্দেশ্যে বলা হয়, উপজেলা নির্বাহী অফিসারদেরকে প্রয়োজনীয় সংখ্যক ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরম সরবরাহের জন্য ফরমের হার্ডকপি পাঠানো হলো।

## বাংলাদেশের কাছ থেকে বিশ্বের অনেক কিছু শেখার আছে : জাতিসংঘের সহকারী মহাসচিব



**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশের কাছ থেকে বিশ্বের অনেক কিছু শেখার আছে বলে মন্তব্য করেছেন ঢাকা সফররত জাতিসংঘের সহকারী মহাসচিব ও দুর্যোগ ঝুঁকি হ্রাস বিষয়ক মহাসচিবের বিশেষ প্রতিনিধি মামি মিজুতোরি।

গতকাল মঙ্গলবার সচিবালয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে তিনি একথা বলেন।

বৈঠকে মামি মিজুতোরি বলেন, বাংলাদেশ জাতিসংঘ মহাসচিব ঘোষিত অগ্রাধিকার প্রাপ্ত ৩০টি দেশের অন্যতম। বাংলাদেশকে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় অগ্রাধিকার ভিত্তিতে সহায়তা করা হবে। প্রয়োজনীয়তা নির্ণয় পূর্বক বিভিন্ন ধরনের দুর্যোগে প্রস্তুতি, মনিটরিং, যোগাযোগ ও পূর্ব সতর্কীকরণ ব্যবস্থা প্রদান এবং সবুজ প্রযুক্তির প্রসারে এ সহায়তা প্রদান করা হবে। সামাজিক বিভিন্ন সূচকে বাংলাদেশ প্রশংসনীয় অগ্রগতি ২-এর পাতায় দেখুন

## দুদকের মামলায় ১১ মাস পর কারামুক্ত বিএনপির টিএস আইয়ুব



**এস আর নিরব যশোর :** যশোরের বাঘারপাড়া উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার টিএস আইয়ুব কারামুক্ত হয়েছেন। ভুয়া এলসির মাধ্যমে ঢাকা ব্যাংকের ২১ কোটি ২৫ লাখ টাকা আত্মসাতের অভিযোগে দুদকের করা মামলায় ১১ মাস পর কারামুক্ত হন টিএস আইয়ুব। সোমবার সন্ধ্যার দিকে ১১ মাস তিন পর ময়মনসিংহ জেলা কারাগার থেকে তিনি মুক্তি পান। বিষয়টি নিশ্চিত করেছেন বাঘারপাড়া উপজেলা বিএনপির আহ্বায়ক শামসুর ২-এর পাতায় দেখুন

## খুলনায় কাঁশবনে মিললো তরুণীর মৃতদেহ

**নিজস্ব প্রতিবেদক :** খুলনায় পুলিশ আঁখি আক্তার (২৭) নামে এক তরুণীর মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (০৪ জুলাই) দুপুর ১টার দিকে নগরীর রায়েরমহল আন্দিরঘাট ব্রিজ এলাকার কাঁশবন থেকে নগরীর হরিণটানা পুলিশ তাঁর লাশ উদ্ধার করে। নিহত তরুণী বগুড়া সদরের চক ফরিদ গ্রামের ১২ নম্বর ওয়ার্ডের মো. আবুল হোসেনের ২-এর পাতায় দেখুন



## ডেঙ্গুতে একদিনেই ৫ জনের মৃত্যু হাসপাতালে ভর্তি রেকর্ড ৬৭৮ রোগী

**নিজস্ব প্রতিবেদক :** ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও পাঁচজনের মৃত্যু হয়েছে। একই সময় হাসপাতালে ভর্তি হয়েছেন ৬৭৮ জন ডেঙ্গুরোগী। এরমধ্যে ঢাকাতে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বেশি। বর্তমানে হাসপাতালে ভর্তি হওয়া মোট রোগীর সংখ্যা হলো এক হাজার ৬৬৯ জন। গতকাল মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ইনচার্জ ডা. মো. জাহিদুল ইসলামের সই করা ডেঙ্গুবিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, গত সোমবার সকাল ৮টা থেকে গতকাল মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে খালেদা জিয়ার শর্তহীন মুক্তি ও সুস্থ্যতা কামনায় দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত

**বাদশা ফরহাদ, কালীগঞ্জ :** ঝিনাইদহের কালীগঞ্জে বিএনপি প্রধান দেশনেত্রী বেগম খালেদা জিয়ার শর্তহীন মুক্তি ও সুস্থ্যতা কামনায় দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকালে শহরের যশোর সড়কের অস্থায়ী কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৪ আসন থেকে পরপর চার বার নির্বাচিত সাবেক সংসদ সদস্য ও বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য আলহাজ্ব এম শহীদুজ্জামান বেল্টু। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় কৃষক দলের সদস্য ও কালীগঞ্জ উপজেলা বিএনপির যুগ্ন আহবায়ক হারুণ অর রশিদ মোল্লা, বিএনপি নেত্রী সাবেক সাংসদ পত্নী মুরশিদাজ্জামান পপি, জেলা বিএনপির ত্রাণ ও পুনর্বাসন সম্পাদক ইসরাইল হোসেন জীবন ও সাবেক উপজেলা ছাত্রদলের সাবেক সভাপতি লুৎফর রহমান লেন্টু। কালীগঞ্জ পৌর বিএনপির আহবায়ক আলহাজ্ব মোঃ আতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় আরো বক্তৃতা করেন কালীগঞ্জ উপজেলা ছাত্রদলের সাবেক সভাপতি আনোয়ার হোসেন, জামাল ইউনিয়নের সাবেক চেয়ারম্যান নজরুল ইসলাম, কালীগঞ্জ উপজেলা ২-এর পাতায় দেখুন



## শৈলকুপায় বৃদ্ধ কর্তৃক তৃতীয় শ্রেণীর শিক্ষার্থীকে ধর্ষণের অভিযোগ

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় ৭ বছর বয়সী এক শিশু শিক্ষার্থীকে ধর্ষণের অভিযোগ উঠেছে শাহমত খাঁ(৬৫) নামে এক বৃদ্ধের বিরুদ্ধে। ঘটনাটি গতকাল (সোমবার) দুপরে উপজেলার সারুটিয়া ইউনিয়নের গোসাইডাঙা গ্রামে। অভিযুক্ত বৃদ্ধ ওই গ্রামের মৃত গোহুল খাঁ'র ছেলে। নিপীড়নের শিকার শিশুটি স্থানীয় একটি স্কুলের তৃতীয় শ্রেণীর শিক্ষার্থী। নিপীড়নের শিকার শিশু ও অভিযুক্ত বৃদ্ধ সম্পর্কে নানা-নাতনী। নিপীড়নের শিকার শিশুটির চাচাতো দাদা সিরাজুল ইসলাম জানান, শিশুটির পিতা মানসিকগত দুর্বল ও তার মা ব্রেস্ট ক্যান্সারে দীর্ঘদিন ধরে আক্রান্ত একজন রোগী। সবমিলে পরিবারটি অত্যন্ত দুর্বল। সোমবার দুপুরে ২-এর পাতায় দেখুন

## যশোরের চৌগাছায় ফেনসিডিলসহ আটক ২




**এস আর নিরব যশোর :** যশোরের চৌগাছা থেকে ১৫ বোতল ফেনসিডিলসহ ওসমান গনি লাল্টু (৩০) ও মশিয়ার রহমান (৩৫) নামের দুই ব্যক্তিকে আটক করেছে ডিবি পুলিশ। লাল্টু চৌগাছার তিলকপুর গ্রামের শাহাদত আলীর পুত্র ও মশিয়ার বড় কাকুড়িয়া গ্রামের আব্দুল মোমিনের পুত্র। ডিবি পুলিশের এসআই রইচ আহমেদ ও এএসআই গৌরাঙ্গ কুমার মন্ডলের নেতৃত্বে একটি টিম সোমবার রাত ৮টায় চৌগাছার তিলকপুর গ্রামের লাল্টুর বাড়ির সামনে ২-এর পাতায় দেখুন

## গাংনীর সীমান্তে পরিত্যাক্ত অবস্থায় আগ্নেয়াস্ত্র উদ্ধার




**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী সীমান্ত থেকে পরিত্যাক্ত অবস্থায় একটি ভারতীয় শুটারগান উদ্ধার করেছে কুষ্টিয়া ৪৭ ব্যাটালিয়ন (বিজিবি)'র একটি দল। সোমবার দিবাগত রাতে গাংনী উপজেলার সহড়াতলা মাঠ নামক স্থান থেকে পরিত্যাক্ত অবস্থায় অস্ত্রটি পাওয়া যায়। মঙ্গলবার বিকাল ৫টায় কুষ্টিয়া ৪৭ ব্যাটালিয়ন (বিজিবি)'র এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সোমবার দিবাগত মধ্যে রাতে গাংনী উপজেলার সহড়াতলা বিওপির দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার ১৪২/৪-এস হতে আনুমানিক ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তরে সহড়াতলা মাঠ নামক স্থানে পরিত্যাক্ত অবস্থায় অস্ত্রটি পাওয়া যায়। ৪৭ বিজিবির সহড়াতলা বিওপি ক্যাম্পের নায়েব সুবেদার মোঃ ইসরাইল শেখ এর নেতৃত্বে বিজিবির একটি টহল দল সহড়াতলা মাঠ নামক স্থানে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান পরিচালনার ২-এর পাতায় দেখুন

## ম্যাব'র কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হলেন রিটন



**মেহেরপুর প্রতিনিধি:** মেয়র এসোসিয়েশন অব বাংলাদেশ (ম্যাব) এর কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হলেন মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন। সোমবার তাঁকে এ পদে মনোনিত করেন ম্যাবের সভাপতি। তরুণ এ রাজনীতিবীদ পরপর দুই বার আওয়ামী লীগের মনোনয়ন নিয়ে মেহেরপুর পৌরসভার মেয়র নির্বাচিত হন। এছাড়াও তিনি মেহেরপুর জেলা আওয়ামী লীগের নির্বাহী সদস্য ও জেলা যুবলীগের আহবায়ক হিসেবেও দায়িত্ব পালন করছেন। এদিকে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনকে মেয়র এসোসিয়েশন ২-এর পাতায় দেখুন

## মুজিবনগরে বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন



**মুজিবনগর প্রতিনিধি:** মেহেরপুরের মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) উদ্বোধন করা হয়েছে। মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে সোমবার বিকেলে দারিয়াপুর ফুটবল মাঠে টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত উপজেলা চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল, উপজেলা যুব উন্নমন কর্মকর্তা রকিব উদ্দীন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর ২-এর পাতায় দেখুন

## ঢাকা-১৭ আসনের নির্বাচনে পুলিশ নিরপেক্ষ থাকবে
### -- ইসি সচিব

**নিজস্ব প্রতিবেদক :** নির্বাচন কমিশন সচিব মো. জাহাংগীর আলম বলেছেন, ঢাকা-১৭ আসনের উপ-নির্বাচনসহ ১৭ জুলাইয়ের অন্যান্য ভোট সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। ভোটের মাঠে পুলিশ নিরপেক্ষ ভূমিকা পালনের নিশ্চয়তাও দিয়েছে। গতকাল মঙ্গলবার সকালে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়ালের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। এ সময় স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ২-এর পাতায় দেখুন

## ৫ বছরে ভোটার সংখ্যা বেড়েছে প্রায় দেড় কোটি

**নিজস্ব প্রতিবেদক :** আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচনে দেশে মোট ভোটারের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১১ কোটি ৯১ লাখ ৫১ হাজার ৪৪০ জন। তাদের সকলেই ভোটাধিকার প্রয়োগ করবেন আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ১০ কোটি ৪০ লাখের কিছু বেশি ভোটার ছিল। ফলে গত পাঁচ বছরে ভোটার বেড়েছে প্রায় দেড় কোটি। নির্বাচন কমিশন (ইসি) জানায়, দেড় কোটি ভোটার বাড়লেও এবার কেন্দ্র বাড়বে দুই হাজার। এবার ভোটকেন্দ্রের টার্গেট ৪২ হাজার। দ্বাদশ সংসদ নির্বাচনকে সামনে রেখে ভোটকেন্দ্রের তালিকা তৈরির কাজ দ্রুতই শুরু হচ্ছে। এ ক্ষেত্রে ভোটকেন্দ্র স্থাপন নীতিমালা মেনে থানা ও জেলা নির্বাচন কর্মকর্তারা খসড়া তৈরি করবেন। আর ভোটকেন্দ্র যাচাই-বাছাইয়ে স্থানীয় পুলিশ ও প্রশাসনের কর্মকর্তাদের সম্পৃক্ত করা হয়েছে। ভোটকেন্দ্র নির্বাচনে থানা, জেলা ও মহানগর কমিটি যাচাই-বাছাই করে সরেজমিনে পরিদর্শন করবে। সবশেষে ইসিতে প্রতিবেদনসহ কমিটি প্রস্তাব পাঠাবে। পরে তা চূড়ান্ত করে ভোটের অন্তত ২৫ দিন আগে গেজেট আকারে প্রকাশ ২-এর পাতায় দেখুন




## ব্লগার নাজিমুদ্দিন হত্যা মামলার অভিযোগ গঠন শুনানি ৩০ আগস্ট

**নিজস্ব প্রতিবেদক :** জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) আইন বিভাগের ছাত্র ব্লগার নাজিমুদ্দিন সামাদকে হত্যার অভিযোগে করা মামলায় চাকরিচ্যুত মেজর সৈয়দ জিয়াউল হক জিয়াসহ ৯ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন শুনানির জন্য ৩০ আগস্ট দিন ধার্য করেছেন ট্রাইব্যুনাল। গতকাল মঙ্গলবার মামলার অভিযোগ গঠন শুনানির জন্য দিন ধার্য ছিল। তবে গতকাল মঙ্গলবার কারাগারে থাকা আসামিদের আদালতে হাজির করা হয়নি। এজন্য ঢাকার সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালের বিচারক মো. মজিবুর রহমান নতুন দিন ধার্য করেন। মামলার আসামিদের মধ্যে আকরাম ২-এর পাতায় দেখুন



## ঈদের ছুটির পর গ্রাহক বাড়তে শুরু করেছে ব্যাংকে

**নিজস্ব প্রতিবেদক :** ঈদে টানা চার দিন পবিত্র ঈদুল আজহার ছুটি শেষে রোববার খুলেছে সরকারি সব অফিস-আদালত, ব্যাংক, বিমা ও আর্থিক প্রতিষ্ঠান। প্রথম দুই দিন ব্যাংক-আর্থিক প্রতিষ্ঠানে তেমন ভিড় দেখা যায়নি। তবে তৃতীয় দিন গতকাল মঙ্গলবার রাজধানী ঢাকার ব্যাংকগুলোতে কিছুটা বেড়েছে গ্রাহক সংখ্যা। যদিও তা অন্যান্য দিনের তুলনায় খুবই কম। এদিকে, সড়কগুলো সকাল থেকে অনেকটাই ২-এর পাতায় দেখুন

## ধানমন্ডিতে ছাত্রী ধর্ষণের অভিযোগ

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর ধানমন্ডির ১৫ নম্বর এলাকায় এক শিক্ষার্থীকে ধর্ষণের অভিযোগ উঠেছে। গত সোমবার সন্ধ্যায় এ ঘটনা ঘটে। এ তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন ধানমন্ডি থানার ওসি পারভেজ ইসলাম। তিনি বলেন, ধানমন্ডির ১৫ নম্বর এলাকার ৩/এ নম্বরের একটি ভবনের ছাদে এক শিক্ষার্থীকে ধর্ষণের ঘটনা ঘটেছে। ধর্ষণের শিকার ভুক্তভোগী ওই ছাত্রী নিজে থানায় এসে অভিযোগ করেছেন। আমরা তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠিয়েছি চিকিৎসার জন্য। ওসি আরও বলেন, ভুক্তভোগীর দাবি অনুযায়ী, একদিনেই তাদের পরিচয়। এরপর মেয়েটিকে অভিযুক্ত ছেলেটি একটি ভবনের ছাদে ২-এর পাতায় দেখুন

## ক্রিকেটার নাসির ও তার স্ত্রী তামিমার বিরুদ্ধে মেয়ে তুবার সাক্ষ্য

**নিজস্ব প্রতিবেদক :** ক্রিকেটার নাসির হোসেন ও তার স্ত্রী তামিমা সুলতানা তাম্মীর বিরুদ্ধে তামিমার মেয়ে রাফিয়া হাসান তুবাসহ দুজন আদালতে সাক্ষ্য দিয়েছেন। অপর সাক্ষী হলেন রাকিবের মামা লুৎফর রহমান। তালাক না নিয়ে অন্যের স্ত্রীকে বিয়ে করার অভিযোগে ক্রিকেটার নাসির হোসেন ও তার স্ত্রী তামিমার বিরুদ্ধে মামলায় এ মামলা করেন রাকিব। গতকাল মঙ্গলবার ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট তোফাজ্জল হোসেনের আদালতে তারা সাক্ষ্য দেন। এদিন ক্রিকেটার নাসির ও তার স্ত্রী তামিমা আদালতে হাজিরা দেন। তাদের উপস্থিতিতে সাক্ষী তুবাসহ দুজনের জবানবন্দি রেকর্ড করা হয়। জবানবন্দি শেষ হলে আসামিপক্ষ তাদের জেরা করেন। গত বছরের ৯ ফেব্রুয়ারি নাসির ও তামিমার বিরুদ্ধে অভিযোগ গঠনের মাধ্যমে বিচার শুরুর আদেশ দেন ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট তোফাজ্জল হোসেন। তবে নাসিরের শাশুড়ি সুমি আক্তারকে মামলা থেকে অব্যাহতি দেওয়া হয়। ২০২১ সালের ২৪ ফেব্রুয়ারি তামিমার প্রথম স্বামী রাকিব হাসান বাদী হয়ে মামলা করেন। ওই দিনই আদালত বাদীর জবানবন্দি গ্রহণ করেন। এরপর শুনানি শেষে মামলার অভিযোগের বিষয়ে তদন্ত করে পিবিআইকে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেন আদালত। মামলার অভিযোগে বলা হয়, ২০১১ সালের ২৬ ফেব্রুয়ারি তামিমা ও রাকিবের বিয়ে হয়। তাদের আট বছরের একটি মেয়েও রয়েছে। তামিমা পেশায় কেবিন ক্রু।




সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# বন্যা মোকাবিলায় সারাদেশে প্রস্তুতি জরুরি

বাংলাদেশে প্রায় প্রতি বছরই বন্যা হয়। এবারো বন্যা নিয়ে উদ্বেগ বাড়ছে। কয়েক দিন ধরে দেশে ভারি বর্ষণে নদ-নদীর পানি বাড়ছে। এর সঙ্গে যোগ হচ্ছে পাহাড়ি ঢলের পানি। ইতোমধ্যে সিলেট, সুনামগঞ্জ এবং নেত্রকোনায় বন্যা দেখা দিয়েছে। সিলেট ও সুনামগঞ্জের হাওড়গুলো পানিতে টইটম্বুর। উত্তর-পূর্বাঞ্চলের সুরমা, কুশিয়ারা এবং উত্তরাঞ্চলের দুধকুমার, ধরলা, তিস্তা ও ব্রহ্মপুত্রসহ বিভিন্ন নদ-নদীর পানি বাড়তে শুরু করেছে। সিরাজগঞ্জে দ্রুত বাড়ছে যমুনার পানি। সিরাজগঞ্জ, গাইবান্ধা, জামালপুর, বগুড়ায় বন্যার আশঙ্কা রয়েছে। ভাঙছে রাজবাড়ী জেলার পদ্মাপাড়। আগামী এক সপ্তাহ বৃষ্টি অব্যাহত থাকবে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আর বৃষ্টির ধারা অব্যাহত থাকলে সারাদেশেই বন্যা হতে পারে। ইতোমধ্যে প্লাবিত এলাকাগুলোতে ফসলি জমির পাশাপাশি যোগাযোগ ব্যবস্থাও ক্ষতিগ্রস্ত হয়েছে। এটি আমাদের জন্য শঙ্কার ব্যাপার বৈকি। পরিস্থিতি মোকাবিলায় সরকার ও সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ জরুরি। জানা গেছে, গত রবিবার সিলেটের নিম্নাঞ্চল পানিতে ডুবে গেছে। সিলেট শহরের রাস্তাঘাটও পানিতে নিমজ্জিত হয়ে পড়েছে। জেলার কোম্পানীগঞ্জ, কানাইঘাট, গোয়াইনঘাট, জৈন্তাপুর ও বালাগঞ্জ উপজেলার প্রায় লাখো মানুষ পানিবন্দি হয়ে পড়েছেন। সুরমা নদীর পানি বিপদসীমা অতিক্রম করে শহরে ঢুকে পড়েছে। শহরের অনেক রাস্তাঘাট এখন পানির নিচে। বন্ধ হয়ে পড়েছে বিভিন্ন এলাকার গ্রামীণ সড়ক। বন্যার পানিতে তলিয়ে গেছে শতাধিক মাছের খামার। দেশের প্রায় সর্বত্র প্রতিদিন কম-বেশি বৃষ্টিপাত হচ্ছে। এদিকে পানি বেড়ে যাওয়ার পাশাপাশি শুরু হয়েছে নদীভাঙন। হঠাৎ নদীর পানি বেড়ে যাওয়ায় তা নদীর কূল উপচে চরাঞ্চলের নিম্নাঞ্চলে প্রবেশ করছে। এতে ফসলি জমি তলিয়ে যাচ্ছে। পানি বৃদ্ধি অব্যাহত থাকায় নদী পাড়ের মানুষের মধ্যে শঙ্কা ক্রমেই বাড়ছে। সুনামগঞ্জে ভারি বৃষ্টিপাত অব্যাহত থাকায় এবং মেঘালয়ের চেরাপুঞ্জির প্রবল বর্ষণে নদ-নদী ও হাওড়ের পানি বাড়ছে। জেলার প্রধান নদী সুরমার পানি বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। বৃষ্টি ও উজানের ঢলের পানিতে ইতোমধ্যে নিম্নাঞ্চল ডুবে গেছে। জেলার তাহিরপুর, জামালগঞ্জ, মধ্যনগর ও ধর্মপাশার উপজেলার শত শত গ্রামের মানুষ পানিবন্দি হয়ে পড়েছেন। এছাড়া ভারি বৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে নেত্রকোনার কংস, ধনু, উব্দাখালী, সোমেশ্বরীসহ বিভিন্ন ছোট বড় নদ-নদীর পানি বাড়ছে। দেখা দিয়েছে বিশুদ্ধ পানি ও খাবার সংকট। ডায়রিয়াসহ পানিবাহিত রোগের লক্ষণ এখনো দেখা না গেলেও অচিরেই আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। নদী খনন ও শুষ্ক মৌসুমে পরিকল্পিতভাবে সংস্কার কাজ না করাসহ ওয়াপদা ও পানি উন্নয়ন বোর্ডের গাফিলতির জন্য প্রতি বছর বন্যার দুর্ভোগ বেড়ে যায়। বছর বছর ভেঙে যাওয়া নদীতীর রক্ষা বাঁধগুলোর সংস্কার করা কিংবা স্থায়ীভাবে বাঁধের কাজ না করায় এসব এলাকার মানুষদের চরম খেসারত দিতে হয়। দেশজুড়ে বন্যার এমন পরিস্থিতি আমাদের জন্য দুর্ভাবনার। পরিস্থিতি মোকাবিলায় সরকারের এখনই ব্যবস্থা নেয়া উচিত। বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগ এড়ানো আমাদের সাধ্যাধীন নয়। তবে যথাযথ প্রস্তুতি নিলে মানুষের দুর্ভোগ, ক্ষয়ক্ষতি নিয়ন্ত্রণে রাখা সম্ভব। নদী ভরাট হওয়ার কারণে যেমন বেড়েছে ভাঙন, তেমনি সামান্য ঢলে দুকূল উপচে আকস্মিক বন্যা ঘটে। নদ-নদীর নাব্য রক্ষা করে একদিকে যেমন বন্যার মাত্রা নিয়ন্ত্রণ করা সম্ভব, তেমনি সম্ভব ভাঙন ঠেকানো। আশা করছি, বন্যার্তদের জন্য পর্যাপ্ত খাদ্য সহায়তা দেয়ার সংস্থান করবে সরকার। বিশুদ্ধ পানি, ওষুধপত্র এবং চিকিৎসাসেবাও প্রস্তুত রাখা দরকার। সরকার ও প্রশাসন এ বিষয়ে সচেতনতা ও দায়িত্বশীলতার পরিচয় দেবে- এটাই আমাদের প্রত্যাশা।

## কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে

হিসাবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌরসভার মেয়র শহিদুজ্জামান সেলিম, আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শাহাজাহান আলী, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামীলীগের সভাপতি কাজী আলমগীর, সাধারণ সম্পাদক রিপন মন্ডল, প্যানেল মেয়র সোহেল আরমান,জাহিদ হোসেন সহ ৫ টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বৃন্দ। এছাড়াও সাবেক উপজেলা যুবলীগের সভাপতি মীর কাসেম আলী,জেলা যুবলীগের সদস্য আব্দুর রউফ, প্রিন্ট ও ইলেক্ট্রনিকস মিডিয়ার সাংবাদিক বৃন্দ।

## ঝিনাইদহ পৌর স্বেচ্ছাসেবক লীগের

সভাপতিত্বে প্রথম অধিবেশনের অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বিশ্বাস, স্বেচ্ছাসেবক লীগের জাতীয় কমিটির সদস্য মিজানুর রহমান, জেলা আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মনজুর পারভেজ তুষার, দপ্তর সম্পাদক অ্যাড: বিকাশ কুমার ঘোষ, ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক কাজী কামাল আহমেদ বাবু, জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন কমিটির আহ্বায়ক আহাদুর রহমান খোকন, জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক সহসভাপতি মফিজুর রহমান, জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক আশরাফুল আলম, জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান মেঃ আলা উদ্দিন, সাবেক সাংগঠনিক সম্পাদক শাহরিয়ার করিম রাসেল, সদস্য সচিব রানা হামিদ, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল-ইমরান, জেলা কমিটির সদস্য ফিরোজ সালাহউদ্দিন, সদর উপজেলার সভাপতি ওহিদুজ্জামান উজ্জল, সাধারণ সম্পাদক সোহেল রানা সিটি, পৌর শাখার সাবেক যুগ্ম আহ্বায়ক পাপ্পু, হরিণাকুণ্ডু উপজেলা শাখার সভাপতি রাফেদুল হক সুমন, সাধারণ সম্পাদক রুবেল রানাসহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ। সঞ্চালনা করেন পৌর স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহ্বায়ক দেবাশীষ অধিকারী মানিক। সম্মেলনে অতিথিরা জানান, সাবেক ছাত্রলীগ নেতাদের মধ্য থেকেই নেতা নির্বাচিত করা হবে।

## কুষ্টিয়ায় বীর মুক্তিযোদ্ধা আবু

কুমারখালী - খোকসা ৪ আসনের সংসদ সদস্য সেলিম আলতাব জর্জসহ জেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দ। উক্ত শোক সভায় সভাপতিত্ব করেন বটতৈল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান মিন্টু ফকির। শোক সভায় বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর সিদ্দিক এর আত্মার মাগফিরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয় এবং শেষে সকলের মাঝে খাবার বিতরন করা হয় ।

## মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর

প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের পত্নী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম উপস্থিত থেকে সদর উপজেলার ৭টি ইউনিয়নের বিভিন্ন গ্রামের মা-বোনদের মাঝে উপহার সামগ্রী বিতরন করেন। এসময় অন্যদের মধ্যে মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সভানেত্রী সামিউন বাসিরা পলি, সাধারণ সম্পাদিকা অ্যাডভোকেট রুথশোভা মন্ডল, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান লতিফুল নেছা লতা, যুব মহিলা লীগের নেত্রী রোজিনা খাতুন, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।

## উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে

সভাপতি অধ্যক্ষ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু লতিফ অমল, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম প্রমুখ।
সংসদ সদস্য হাজী মোহাম্মদ আলী আজগার টগর এমন মিলন মেলার আয়োজন করায় তাকে ধন্যবাদ জানায় আগত নেতাকর্মীরা।

## মহেশপুরে সড়ক দূর্ঘটনায় আঃ লীগ

মোড়ে আসলেই একটি ট্রাক ভ্যানটিকে ধাক্কা দিয়ে চলে যায়। তিনি আরো জানান, ভ্যান থেকে ছিটকে পড়ে আওয়ামীলীগ সভাপতি রয়েত আলী গুরুতর ভাবে আহত হয়। প্রথকে তাকে কোটচাঁদপুর ও পরে যশোর সদর হাসপাতালে নিয়ে যাওয়ার সময় তার মৃত্যু হয়।
মহেশপুর থানার অফিসার ইনর্চাজ(ওসি) খন্দকার শামীম উদ্দীন ঘটনার সত্যতা স্বীকার করে জানান, ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রয়েত আলীর লাশ বর্তমানে যশোর হাসপাতালে রয়েছে।

## খুলনায় কাঁশবনে মিললো

মেয়ে।নিহতের মাথায় আঘাতের চিহ্ন রয়েছে।
হরিণটানা থানার অফিসার ইনচার্জ (তদন্ত) রঞ্জন কুমার গাইন খুলনা গেজেটকে বলেন, দুপুর ১টার দিকে স্থানীয়রা রায়েরমহল আন্দিরঘাট ব্রীজ এলাকায় নারীর মরদেহ দেখে পুলিশে খবর দেয়। পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশের সুরাতহাল রিপোর্ট তৈরি করে ময়না তদন্তের জন্য খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করে। পিবিআই এর সহযোগিতায় যুবতীর পরিচয় জানাগেছে। তাঁর পরণে কালো সেলোয়ার কামিজ ও কালো বোরাখা ছিল। মৃতের মাথায় আঘাতের চিহ্ন রয়েছে বলে তিনি এ প্রতিবেদককে জানান। তবে কে বা কারা এবং কেন তাকে হত্যা করা হয়েছে, তা তিনি নিশ্চিত করে বলতে পারেননি।
পুলিশের উপ কমিশনার দক্ষিণ মো: তাজুল ইসলাম খুলনা গেজেটকে বলেন, খবর পেয়ে পুলিশের উর্ধতন কর্মকর্তা, র‍্যাব ও সিআইডি ঘটনাস্থলে যান। সেখান থেকে সকল আলামত সংগ্রহ করা হয়েছে। মৃত নারী ওই এলাকার বাসিন্দা নয়, অন্য এলাকা থেকে তাকে এনে কাঁশবনের মধ্যে নিয়ে তাকে হত্যা করা হয়েছে। তার মাথার তালু বরাবর আঘাতের চিহ্ন রয়েছে। মৃতের পরিচয় পাওয়া গেলে সামনের দিকে অগ্রসর হওয়া সম্ভব হবে বলে তিনি এ প্রতিবেদককে জানিয়েছেন।

## দুদকের মামলায় ১১ মাস পর

রহমান। এর আগে ২০২২ সালের ২৯ জুলাই রাতে নিজ উপজেলা বাঘারপাড়ার দরাজহাট ইউনিয়নের ছাতিয়ানতলা গ্রামের মাসুদুর রহমানের বাড়ি থেকে তাকে গ্রেফতার করে পুলিশ। দুর্নীতিসহ পাঁচটি মামলায় ওয়ারেন্টভুক্ত আসামি ছিলেন তিনি।

## যশোরের চৌগাছায় ফেনসিডিলসহ

থেকে ১৫ বোতল ফেনসিডিলসহ আসামিদেও আটক করে। উদ্ধারকৃত ফেনসিডিলের মূল্য ৬০ হাজার টাকা। এএসআই গৌরাঙ্গ কুমার মন্ডল বাদী হয়ে চৌগাছা থানায় এজাহার দায়ের করেন।

## শৈলকুপায় বৃদ্ধ কর্তৃক তৃতীয় শ্রেণীর

শিশুটি প্রতিবেশী আরো দুজন শিশুকে নিয়ে পাশেই গড়াই নদীতে মাছ ধরতে যায়। সেখান থেকে ফেরার পথিমধ্যে শিশুটিকে পথরোধ করে অন্য শিশুদের তাড়িয়ে দেয় অভিযুক্ত বৃদ্ধ শাহমত। পরে মেয়েটিকে ভীতি প্রদর্শন করে পাশেই ঝোড়ে নিয়ে জোরপূর্বক ধর্ষণ করে। এঘটনা কাউকে না জানাতে শিশুকে হত্যার হুমকিও দেয় অভিযুক্ত বৃদ্ধ। শিশুটি বাড়িতে এসেছে মায়ের কাছে ঘটনার বিস্তারিত বলে দেয়। পরে শিশুটিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা শেষে ঝিনাইদহ সদর হাসপাতালে প্রেরণ করে। এঘটনা এলাকায় চাওর হলে অভিযুক্ত বৃদ্ধ শাহমত গা ঢাকা দিয়েছে।
শৈলকুপা থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ(ওসি) আমিনুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, শিশুটির স্বাস্থ্য পরীক্ষা করতে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এঘটনায় অভিযুক্ত বৃদ্ধ শাহমতকে আটকের চেষ্টা চালাচ্ছে পুলিশ।

## কালীগঞ্জে খালেদা জিয়ার শর্তহীন মুক্তি

যুবদলের যুগ্ন আহবায়ক মিলন বিশ্বাস, উপজেলা যুবদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি আকরাম হোসেন, রাখালগাছি ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি আব্দুর রশিদ ও কৃষক দল নেতা আনছার আলী প্রমুখ। অনুষ্ঠান থেকে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার শর্তহীন মুক্তি ও সুস্থ্যতা কামনা করে বক্তরা বলেন, অবৈধ আওয়ামীলীগ সরকারের অধিনে আর কোন নির্বাচন নয়। এসময় তারেক রহমানের নেতৃত্বে শেখ হাসিনা সরকারের পতন ঘটিয়ে নিরপেক্ষ নির্বাচন কমিশনের অধিনে সুষ্ঠ্য নির্বাচনের আন্দোলনে সকল নেতাকর্মীকে প্রস্তুত থাকতে আহবান করা হয়।

## ডেঙ্গুতে একদিনেই ৫ জনের

ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন ৬৭৮ জন। এদের মধ্যে ঢাকার বাসিন্দা ৪২৯ জন ও ঢাকার বাইরের ২৪৯ জন। চলতি বছরের ১ জানুয়ারি থেকে ৪ জুলাই পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন নয় হাজার ৮৭১ জন। তাদের মধ্যে রাজধানীতে হাসপাতালে ভর্তি হয়েছেন সাত হাজার ৮৪ জন। আর ঢাকার বাইরের অন্য বিভাগে হাসপাতালে ভর্তি হয়েছেন দুই হাজার ৭৮৭ জন। অন্যদিকে, এসময়ের মধ্যে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন আট হাজার ১৪১ জন। তাদের মধ্যে ঢাকার বাসিন্দা পাঁচ হাজার ৯৩৬ জন এবং ঢাকার বাইরে দুই হাজার ২০৫ জন। আর এসময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশে মারা গেছেন ৬১ জন। বিদায়ী বছরে (২০২২ সালে) ডেঙ্গু আক্রান্ত হয়ে মারা যান দেশের ইতিহাসের সর্বোচ্চ ২৮১ জন। বছরের শেষ মাস ডিসেম্বরেই ডেঙ্গু ২৭ জনের মৃত্যু হয়। একই সঙ্গে আলোচ্য বছরে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন ৬২ হাজার ৩৮২ জন। ২০২০ সালে করোনা মহামারিকালে ডেঙ্গু সংক্রমণ তেমন একটা দেখা না গেলেও ২০২১ এ সারাদেশে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হন ২৮ হাজার ৪২৯ জন। একই বছর দেশব্যাপী ডেঙ্গু আক্রান্ত হয়ে ১০৫ জনের মৃত্যু হয়েছিল।

## গাংনীর সীমান্তে পরিত্যাক্ত

নিমিত্তে ফাঁদ পেতে থাকে। কিছুক্ষণ অপেক্ষা করার পরে ৪/৫ জন লোককে সীমান্তের শূন্য লাইনের দিকে অগ্রসর হতে দেখলে বিজিবি টহল দল কর্তৃক তাদেরকে ধাওয়া করে। ধাওয়া খেয়ে তারা দৌড়ে ঝোপঝাড়ের আড়ালের দিকে পালিয়ে যায়। পরবর্তীতে উক্ত ঘটনাস্থল তল্লাশী করে পরিত্যক্ত অবস্থায় একটি ভারতীয় শুটারগান উদ্ধার করা হয়। উদ্ধারকৃত অস্ত্রের আনুমানিক মূল্য একলাখ টাকা। উদ্ধারকৃত অস্ত্র গাংনী থানায় হস্তান্তর পূর্বক মামলা দায়ের করা হয়েছে।

## ম্যাব'র কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক

অব বাংলাদেশ এর কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক নির্বাচিত করায় কেন্দ্রীয় কমিটিকে ধন্যবাদ জানিয়েছেন তিনি।

## মুজিবনগরে বঙ্গবন্ধু জাতীয়

রহমান, দারিযাপুর ইউপি চেয়ারম্যান এএসএম মাহাবুব আলম রবি। উদ্বোধনী খেলায় মোনাখালী ইউনিয়ন জয়লাভ করেছে। খেলায় মোনাখালী ইউনিয়ন ৪-১ গোলে মহাজনপুর ইউনিয়নকে পরাজিত করে।

## ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে

দশটায় থেকে শুরু হয়ে ১২টা ১০ মিনিট পর্যন্ত এই বৈঠক চলে। জাতীয় পার্টির চেয়ারম্যানের সঙ্গে বৈঠকে অংশ নিয়েছেন তার বিশেষ দূত মাশরুম মওলা।
এক প্রশ্নের জবাবে মাশরুম মওলা বলেন, সামনে সংসদ নির্বাচন। বৈঠকে স্বাভাবিকভাবে নির্বাচনের প্রসঙ্গে আলোচনা হয়েছে। সেখানে তারা আগামী নির্বাচনে জাতীয় পার্টি অংশগ্রহণ করবে কি না জানতে চেয়েছেন।
তিনি আরও বলেন, জাতীয় পার্টি নির্বাচনে অংশ নিলে সেটা এককভাবে অংশ নেবে নাকি জোটবদ্ধভাবে করবে তা জানতে চেয়েছেন। আমরা আমাদের উত্তর দিয়েছি।
জাপার সূত্রে জানা গেছে, ইইউ রাষ্ট্রদূত জানতে চেয়েছেন- আগামী নির্বাচন কেমন হবে। এই নির্বাচনে বিএনপি অংশ নেবে কি না, এই জাতীয় পার্টির সঙ্গে কোনও আলোচনা হয়েছে কি না। এছাড়া নির্বাচন নিয়ে সরকারের মনোভাব কী, এইগুলো তারা জানতে চেয়েছেন।
আগামী সংসদ নির্বাচনে ইউরোপীয় ইউনিয়ন নির্বাচন পর্যবেক্ষক পাঠাবে বলেও জাতীয় পার্টিকে জানানো হয়েছে। এ নিয়ে সরকারের সঙ্গে ইইউ আলোচনা চলছে বলেও জানানো হয়।
জাপার আরেকটি সূত্রে জানা যায়, আগামী নির্বাচন এককভাবে করার কথা এবং তিনশ আসনে প্রার্থী দেওয়ার প্রস্তুতি নেওয়া হচ্ছে বলেও জাতীয় পার্টির পক্ষ থেকে ইইউ রাষ্ট্রদূতকে জানানো হয়েছে। একইসঙ্গে বৈঠকে জাতীয় পার্টির চেয়ারম্যান অসুস্থতার বিষয়টি বৈঠকে উঠে আসে।

## বাংলাদেশের সংস্কৃতিকে বিশ্ব অঙ্গনে

আমাদের সংস্কৃতিকে উন্নত করতে হবে যাতে তারা কখনই বাংলাদেশের সংস্কৃতিকে ভুলে না যায়।'
শেখ হাসিনা বাংলাদেশের সংস্কৃতির উন্নতি ও বিকাশের জন্য অতীতের ন্যায় প্রয়োজনীয় যা যা কিছু করা দরকার সে ব্যাপারে তাঁর সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।
প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার ইতোমধ্যে ১৮৬২ কোটি টাকা ব্যয়ে ৪১টি উন্নয়ন প্রকল্প সম্পন্ন করেছে এবং বাংলাদেশী সংস্কৃতির উন্নয়নে গত সাড়ে ১৪ বছরে আরো ১৪টি প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি অপর ৪১টি প্রকল্প অনুমোদনের অপেক্ষায় রয়েছে।
কেউ যদি কোনো দেশকে ধ্বংস করতে চায় তাহলে সংস্কৃতির ওপর আক্রমণ করবে, এ কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, পাকিস্তানি হানাদার বাহিনী বাংলাদেশকে সাংস্কৃতিকভাবে ধ্বংস করার চেষ্টা করেছিল। কারণ, তাদের নিশ্চিত পরাজয় জেনেও তারা মুক্তিযুদ্ধের শেষের দিকে বাংলাদেশের বুদ্ধিজীবীদের হত্যা করেছিল।
সরকার প্রধান বলেন, 'আমরা সবসময় আমাদের সংস্কৃতিকে ধারণ করার পাশাপাশি এটিকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি এবং এইভাবে দেশকে এগিয়ে নিতে হবে।'
প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার ২০09 সাল থেকে বাঙালি জাতির ইতিহাস ও সংস্কৃতি, মুক্তিযুদ্ধের চেতনা, সাহিত্য ও গবেষণামূলক কাজকে রক্ষা ও সংরক্ষণ করে প্রযুক্তিগত জ্ঞানসম্পন্ন একটি শিক্ষিত জাতি গঠনে কাজ করে যাচ্ছে।
তিনি বলেন, 'বিশ্ব প্রযুক্তি দ্বারা আঁকড়ে আছে। প্রজন্মের পর প্রজন্ম জাতিকে আধুনিক ও জ্ঞানভিত্তিক গড়ে তুলতে আমাদের সংস্কৃতির সঙ্গে প্রযুক্তিকে যুক্ত করতে হবে।'
প্রধানমন্ত্রী যে ছয়টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন সেগুলো হলো: গণগ্রন্থাগার অধিদপ্তরের জন্য নতুন বহুতল ভবন, পুরান ঢাকা শহরের রোজ গার্ডেন, ঢাকায় কবি নজরুল ইনস্টিটিউট ভবন, কিশোরগঞ্জের মিঠামইনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ শিল্পকলা একাডেমী এবং আঞ্চলিক সাংস্কৃতিক কেন্দ্র, ময়মনসিংহের মুক্তাগাছা সাংস্কৃতিক কেন্দ্র এবং জাতীয় জাদুঘরে শিশু গ্রন্থাগার।
তিনি কপিরাইট ভবনের একটি নবনির্মিত ১২তলা ভবনও উদ্বোধন করেন।
অনুষ্ঠানে বক্তৃতা করেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি এবং সংস্কৃতি মন্ত্রনালয়ের সচিব খলিল আহমদ।
শেখ হাসিনা বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে বাংলা একাডেমির এক অনুষ্ঠানে একটি সাংস্কৃতিক দর্শন দিয়েছিলেন। সেখানে তিনি বলেছিলেন,স্বাধীন জাতি হিসেবে নিজেদের পায়ে দাঁড়াতে হলে আমাদের দেশের ভাষা, সাহিত্য, সংস্কৃতি ও ঐতিহ্যকে বিশ্ব অঙ্গনে প্রতিষ্ঠিত করতে হবে।
প্রধানমন্ত্রী বলেন, 'আমি বিশ্বাস করি জাতির পিতার সাংস্কৃতিক দর্শন প্রতিষ্ঠা করা আমাদের কর্তব্য।'
দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে তাঁর সরকারের গৃহীত পদক্ষেপের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরে তিনি বলেন, 'বাংলাদেশ পিছিয়ে নেই। দেশব্যাপী ওয়াইফাই সংযোগ রয়েছে, প্রতিটি বাড়িতে বিদ্যুৎ রয়েছে, এমনকি ইউনিয়ন পর্যায়েও মানুষের অবস্থার আমূল পরিবর্তন হয়েছে।'
তিনি তৃণমূল পর্যায়ে সাংস্কৃতিক চর্চা পৌঁছে দেয়ার আহ্বান জানিয়ে বলেন, 'তৃণমূল পর্যায়ে আমাদের অনেক লুকানো প্রতিভা রয়েছে। তাদেরকে নিয়ে আমাদের প্রচার করতে হবে এবং জাতীয় পর্যায়ে তাদের মূল্যায়ন করতে হবে। তাই আমাদের সাংস্কৃতিক চর্চা জেলা ও উপজেলা পর্যায় ছাড়াও ইউনিয়ন পর্যায়েও নিয়ে যেতে হবে।'
বাংলাদেশের মানুষ অসাম্প্রদায়িক চেতনায় উদার হবে এই কামনা করেন প্রধানমন্ত্রী।
তিনি বলেন, 'সুতরাং এই মানসিকতা এবং চেতনাকে আরও বিকাশের জন্য ব্যবস্থা নেওয়া দরকার।'
শেখ হাসিনা বলেন, তাঁর সরকার ইতোমধ্যে বাংলাদেশের সাংস্কৃতিক চর্চাকে বিকশিত ও সমৃদ্ধ করতে অনেক প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে এবং এ বিষয়ে আরও পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখবে।
গণগ্রন্থাগার অধিদপ্তরের জন্য একটি নতুন বহুতল ভবন নির্মাণের বিষয়ে তিনি বলেন, তাঁর সরকার আধুনিক প্রযুক্তিতে এটি নির্মাণের জন্য ৫২৪ কোটি টাকা বরাদ্দ দিয়েছে।
তবে তিনি ক্ষোভ প্রকাশ করেছেন কারণ, তাঁর সরকার অনেক আগেই প্রকল্পটি অনুমোদন করা সত্ত্বেও তারা এখনও ভবনটির নির্মাণ কাজ শুরু করতে পারেনি।
প্রধানমন্ত্রী পুরান ঢাকার রোজ গার্ডেন, যেখানে তৎকালীন পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ (বর্তমানে আওয়ামী লীগ) প্রতিষ্ঠিত হয়েছিল, তা এমনভাবে মেরামত ও সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান, যাতে এর নিজস্ব স্বকীয়তা পরিবর্তন করা না যায়।
তিনি রোজ গার্ডেন বাড়ির মালিক, যার কাছ থেকে সরকার এটি কিনেছিল, তাদের কাছে থাকা কাগজপত্র এবং বাড়ির নিজস্ব স্বকীয়তা যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করার পরামর্শ দেন।
সরকার প্রধান বলেন, বাড়িটি সংস্কারের প্রয়োজনে তিনি যে কোনো নির্দেশনা দেওয়ার জন্যও প্রস্তুত।
শেখ হাসিনা বলেন, নগর ভবনে (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কার্যালয়) যে ঢাকা গ্রন্থাগারটি রয়েছে, তা রোজ গার্ডেনে স্থানান্তর করা হবে।
শিশু গ্রন্থাগার সম্পর্কে তিনি বলেন, জাপানের সহযোগিতায় তাদের নিজস্ব নকশা অনুযায়ী জাতীয় জাদুঘরে শিশু গ্রন্থাগার স্থাপন করা হবে এবং গ্রন্থাগারে ৬ হাজার জাপানি বই দেওয়া হবে।
এ প্রসঙ্গে তিনি বলেন, 'জাপান আমাদের পরীক্ষিত বন্ধু এবং এটি আমাদের উন্নয়নে বিরাট ভূমিকা রেখেছে।'

## সরকারি চাকরিতে আর কোনো

দেওয়া হচ্ছে। এই আদেশে অনুযায়ী এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে সমন্বিত তালিকাভুক্ত এমএএস ধারী মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান করা হয়ে থাকে।

## আফগানদের বিপক্ষে আজ মাঠে

খুব একটা রেকর্ড তাদের নেই। দুই দলের মধ্যে ১১ মোকাবেলায় বাংলাদেশ জিতেছে ৭টিতে, আফগানিস্তান ৪টিতে। দুই দল গত বছর সর্বশেষ মুখোমুখি হয়েছিল বাংলাদেশের মাটিতে। আফগানিস্তানের বিপক্ষে কঠিন চ্যালেঞ্জের মুখামুখি হলেও তিন ওয়ানডে সিরিজটি ২-১ ব্যবধানে জিতেছিল স্বাগতিক বাংলাদেশ। মূলত বেশ কিছু দিন যাবতই ওয়ানডে ক্রিকেটে নিজ মাঠে বাংলাদেশ অত্যন্ত শক্তিশালী দল। ২০15 সালের পর থেকে নিজ মাঠে বাংলাদেশ মাত্র দুটি ওয়ানডে সিরিজ হেরেছে। দু'টিই হেরেছে বিশ্ব চ্যাম্পিয়ন ইংল্যান্ডের কাছে। ২০১৬ সালের পর এ বছর ইংলিশদের কাছে পরাজিত হয়েছে টাইগাররা। আফগানিস্তানের বিপক্ষে চলতি সিরিজটি আইসিসি সুপার লিগের অংশ না হলেও এটি বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপুর্ন। কাজটি অত্যন্ত কঠিন হলেও সিরিজটি ৩-০ ব্যবধানে জিততে পারলে ওয়ানডেতে নিজেদের ইতিহাসে প্রথমবারের মতো র‍্যাংকিংয়ের পঞ্চম স্থানে উঠবে বাংলাদেশ। এ ছাড়া সফরকারী আফগানদের হোয়াইট ওয়াশ করতে পারলে প্রথমবারের মতো একশ রেটিং অর্জন করবে বাংলাদেশ। যদিও র‍্যাংকিংয়ে উন্নতি করাটা গুরুত্বপুর্ন একইভাবে টিম ম্যানেজমেন্টের জন্য গুরুত্বপুর্ন যতটা সম্ভব খেলোয়াড়দের পরিবর্তন বা রোটেশন করানোটা। তাতে আসন্ন বিশ্বকাপের জন্য সেরা কম্বিনেশনটা খুঁজে পাওয়া যায়। ক্রিকেটের সবচেয়ে বড় আসর বিশ্বকাপের আগে বাংলাদেশ দল আফগানিস্তান সিরিজ ছাড়াও এশিয়া কাপ ও নিউজিল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচের সিরিজ খেলার সুযোগ পাচ্ছে। চট্টগ্রামে বাংলাদেশ কোচ চন্ডিকা হাথুরুসিংহে বলেছেন,' আমরা কিছু খেলোয়াড়কে খেলার সুযোগ দেওয়ার চেস্টা করছি। এরমানে এই নয় যে,তারা এবং এবং আমরা সাপোটিং স্টাফ জানি আমরা কি করতে চাই।

## আরও উন্নত প্রযুক্তির যুদ্ধবিমান

দায়িত্বপ্রাপ্ত আইনমন্ত্রী আনিসুল হক বলেন, দেশের সার্বভৌমত্ব রক্ষাকল্পে এবং ফোর্সেস গোল-২০৩০অনুযায়ী বর্তমানে বাংলাদেশ বিমান বাহিনীতে ৮ স্কোয়াড্রন যুদ্ধবিমান রয়েছে। ভবিষ্যতে বিমান বাহিনীকে যুগোপযোগী ও আধুনিকায়নের লক্ষ্যে ফোর্সেস গোল ২০৩০ এর আলোকে আরও উন্নত প্রযুক্তির যুদ্ধবিমান কেনার পরিকল্পনা রয়েছে সরকারের। তিনি বলেন, দেশের সার্বভৌমত্ব রক্ষাকল্পে বাংলাদেশ নৌবাহিনীতে বর্তমানে দুইটি সাবমেরিনসহ ছোট বড় ৬৫টির অধিক যুদ্ধজাহাজ এবং দুটো হেলিকপ্টার ও চারটি মেরিটাইম এয়ারক্রাফট রয়েছে। আনিসুল হক বলেন, ভবিষ্যতে বাংলাদেশ নৌবাহিনীতে বাজেট বরাদ্দের ওপর ভিত্তি করে পর্যায়ক্রমে ফ্রিগেট, করভেট, অফসোর পেট্রল ভেসেল (ওপিভি), মাইন কাউন্টার মেজার ভেজেল (এমসিএমভি), লার্জ পেট্রল ক্রাফট (এলপিসি), ওশান টাগ, হারবার টাগ, ওয়েল ট্যাংকার, লজিস্টিক শিপ, ফ্লোটিং ক্রেন, হাইড্রোগ্রাফিক সার্ভে ভেসেল ও হোভার ক্রাফট সংযুক্তি পরিকল্পনার য়েছে।

## চট্টগ্রাম-কক্সবাজার রেললাইনের

প্রকল্পের কাজ শেষে হয়েছে ৮৬ শতাংশ। গত ১৬ মে রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন নির্মাণাধীন এই রেললাইন পরিদর্শন শেষে সাংবাদিকদের জানিয়েছিলেন, সেপ্টেম্বরেই প্রকল্পের কাজ শেষ করে ট্রেন চলাচল উদ্বোধন করতে চান। যদিও প্রকল্পের মেয়াদ আছে ২০২৪ সালের জুন পর্যন্ত। সংশ্লিষ্টরা বলছেন, এই রেললাইন চালু হলে কক্সবাজারে পর্যটন শিল্পে আরও প্রসার ঘটবে। পাশাপাশি কক্সবাজারে উৎপাদিত কৃষিজাত পণ্য লবণ, সবজি, মাছ ও রাবারের কাঁচামাল কম খরচে পরিবহন করা সম্ভব হবে। দোহাজারী-রামু-কক্সবাজার রেললাইন প্রকল্প পরিচালক মফিজুর রহমান বলেন, জাতীয় নির্বাচনের আগেই অর্থাৎ সেপ্টেম্বরেই এ প্রকল্পের কাজ পুরোপুরি শেষ করে ট্রেন চলাচলের প্রস্তুতি নিচ্ছি। ইতোমধ্যে ৮৬ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। বাকি কাজ শেষ করতে জোর চেষ্টা চলছে। ৮২ কিলোমিটার রেললাইন বসানোর কাজ শেষ। রেললাইনের ওপর থাকা ছোট-বড় ব্রিজ-কালভার্টের কাজও শেষ হয়েছে। এখন মেকানিক্যালের কাজ চলমান আছে।

## প্রধানমন্ত্রীর সঙ্গে মেজর

তত্ত্বাবধায়ক সরকার ছাড়া বিএনপি কোনো নির্বাচনে যাবে না বলে ঘোষণা দিয়েছে। আর আওয়ামী লীগ বলছে, সংবিধান অনুযায়ী নির্বাচন হবে, সংবিধানের বাইরে গিয়ে তারা কিছু করবে না। কিন্তু বিএনপি বলছে, এ সরকারের অধীনে আর কোনো নির্বাচনেই দলটি অংশগ্রহণ করবে না। দলের এমন সিদ্ধান্তে কারণে দলীয় ভাবে বিএনপি স্থানীয় সরকার নির্বাচনগুলোতে অংশ নেয়নি। কিন্তু স্থানীয় সরকার নির্বাচনগুলোতে অংশগ্রহণ নিয়ে বিএনপির প্রার্থীদের ঠেকাতে পারেনি। দলের সিদ্ধান্ত উপক্ষো করে নির্বাচন করেছে এবং অনেক জায়গায় তারা নির্বাচিত হয়েছে। বিশেষ করে সদ্য সমাপ্ত পাঁচ সিটি করপোরেশন নির্বাচনে বিএনপি সরাসরি অংশ না নিলেও তৃণমূল নেতাকর্মীরা এই নির্বাচনে অংশগ্রহণ করেছে এবং নির্বাচিত করেছে। দল থেকে বহিষ্কারের কথা বলা হলেও তাদের নির্বাচন থেকে ঠেকানো যায়নি। অর্থাৎ এটি পরিষ্কার যে, বিএনপির তৃণমূলের নেতাকর্মীরা নির্বাচনের পক্ষে এবং তারা যে নির্বাচনমুখি সেটা তারা প্রমাণও করেছে। এ রকম বাস্তবতায় আগামী জাতীয় নির্বাচনে বিএনপি দলের নেতাকর্মীদের নির্বাচন থেকে দূর রাখতে পারবে কিনা সেটি একটি কোটি টাকার প্রশ্ন। তবে স্থানীয় সরকার নির্বাচনগুলোর মতো জাতীয় নির্বাচনেও যে বিএনপি দলের নেতাকর্মীদের ঠেকাতে পারবে না সেটি স্পষ্ট। এ রকম অবস্থায় বিএনপি যদি শেষ পর্যন্ত নির্বাচন না আসে তাহলে নির্বাচনে ইচ্ছুকে বিএনপির তৃণমূলের নেতাকর্মীদের সংগঠিত করে একটি অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন করার পরিকল্পনা রয়েছে আওয়ামী লীগের। আর তাদের নেতৃত্ব দিতে মেজর আখতারুজ্জামানের মতো দল থেকে বহিষ্কৃতদের সামনে আনা হতে পারে বলে কেউ কেউ ধারণা করছে। তার অংশ হিসেবেই প্রধানমন্ত্রীর সঙ্গের মেজর আখতারুজ্জামানের সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে কিনা সেটা দেখার বিষয়। তবে এর জন্য আরও কিছু সময় অপেক্ষা করতে হবে। উল্লেখ্য, মেজর আখতারুজ্জামান নিয়মিত ভাবে বিভিন্ন টকশোতে আসেন। এ সমস্ত টকশো গুলোতে তাকে প্রধানমন্ত্রীর বিভিন্ন কাজের প্রশংসা করতে দেখা যায়। তিনি প্রধানমন্ত্রীকে 'মাননীয় প্রধানমন্ত্রী' বলে সম্বোধন করেন। অন্যদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে যথার্থ সম্মান না জানানোর জন্য তিনি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সমালোচনা করেছেন।

## বাংলাদেশের কাছ থেকে বিশ্বের

সাধন করেছে উল্লেখ করে তিনি বলেন, বাংলাদেশের নিকট থেকে বিশ্বের অনেক কিছু শিক্ষনীয় আছে।
সভায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন বলেন, বাংলাদেশ সরকার জলবায়ু পরিবর্তনের প্রভাব হতে জনগণের জীবন ও জীবিকা বাঁচাতে প্রতিশ্রুতিবদ্ধ হয়ে কাজ করছে। এলক্ষ্যে ডেল্টা প্ল্যান ২১০০, জাতীয় অভিযোজন পরিকল্পনা ও মুজিব ক্লাইমেট প্রসপারিটি প্ল্যান বাস্তবায়ন করা হচ্ছে।
মন্ত্রী আরও বলেন, জীববৈচিত্র্য সুরক্ষা এবং জলবায়ু অভিযোজন ও প্রশমণমূলক কর্মকাণ্ডে বিপুল পরিমাণ অর্থায়ন প্রয়োজন। এসকল ক্ষেত্রে জাতিসংঘ সহ আন্তর্জাতিক সংস্থাগুলোর প্রয়োজনীয় সহায়তা পেলে এসডিজিসহ আন্তর্জাতিক বিভিন্ন অঙ্গীকার পূরণে বাংলাদেশ সফল হতে পারবে।
বৈঠকে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ডক্টর ফারহিনা আহমেদ, অতিরিক্ত সচিব (প্রশাসন) ইকবাল আব্দুল্লাহ হারুন, অতিরিক্ত সচিব (পরিবেশ) সঞ্জয় কুমার ভৌমিক, অতিরিক্ত সচিব (উন্নয়ন) ডক্টর ফাহমিদা খানম, বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের আবাসিক সমন্বয়ক গুয়েন লুইস, এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য ইউএনডিআরআর আঞ্চলিক অফিস প্রধান মার্কো তোসকানো-রিভাল্টা প্রমুখ।

## সিলেটে বন্যার পরিস্থিতি উন্নতির

চলমান বন্যা পরিস্থিতির ক্রম-উন্নতি হতে পারে। উজানে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস থাকায় আগামী ২৪ ঘণ্টায় উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার নদীর পানি সময়বিশেষে দ্রুত বাড়তে পারে। এতে আগামী ২৪ ঘণ্টায় তিস্তা নদী ডালিয়া পয়েন্টে সাময়িকভাবে বিপৎসীমা অতিক্রম করতে পারে বলেও জানান সহকারী প্রকৌশলী। গতকাল মঙ্গলবার সকাল ৯টার তথ্য তুলে ধরে বন্যা সতর্কীকরণ কেন্দ্র প্রতিবেদনে জানিয়েছে, সুরমা নদীর পানি সুনামগঞ্জে বিপৎসীমার ৭ সেন্টিমিটার, সোমেশ্বরী নদীর পানি কমলাকান্দায় ৩০ সেন্টিমিটার ও পুরনো দেরাই নদীর পানি দেরাই পয়েন্টে বিপৎসীমার ২ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

## ধানমন্ডিতে ছাত্রী ধর্ষণের

নিয়ে ধর্ষণ করেন। তথ্য পাওয়ার পরে সিসিটিভি ফুটেজ দেখে মনে হয়েছে তাদের পূর্ব পরিচয় ছিল। এখন পর্যন্ত জানতে পেরেছি মেয়েটির বাসা মোহাম্মদপুরের দিকে। তিনি বাসা থেকে রাগ করে বের হয়েছেন। তিনি পড়াশোনা করেন। ছেলের বিষয়ে এখন পর্যন্ত কোনো তথ্য পাইনি। মেয়েটি হাসপাতাল থেকে আসার পরে বিস্তারিত বলা যাবে বলেও জানান তিনি। এদিকে শিক্ষার্থী ধর্ষণের ঘটনায় ভুক্তভোগীর বাবা বাদী হয়ে থানায় একটি মামলা করেছেন। গতকাল মঙ্গলবার দুপুরে মামলাটি নথিভুক্ত করা হয় বলে নিশ্চিত করেন ওসি পারভেজ ইসলাম। তিনি বলেন, গত সোমবার সন্ধ্যায় ধানমন্ডি ১৫ নম্বর এলাকায় একটি ভবনে ধর্ষণের ঘটনায় ভুক্তভোগী ওই শিক্ষার্থীর বাবা বাদী হয়ে গতকাল মঙ্গলবার একটি ধর্ষণ মামলা করেন। মামলায় আসামি অজ্ঞতানামা দেওয়া হয়েছে। এ বিষয়ে তদন্ত চলছে। ভুক্তভোগী আসামি চেনেন বা আসামির নাম বলেছে কি না- এ বিষয়ে ওসি বলেন, ভুক্তভোগী এখন হাসপাতালে ভর্তি। তিনি আসামির নাম বলতে পারেনি এখনো। তবে সিসিটিভি ক্যামেরার ফুটেজ বিশ্লেষণ করে আমরা যেটা বুঝতে পেরেছি ভুক্তভোগী ও আসামি পূর্বপরিচিত বলে মনে হয়েছে। অভিযুক্তকে গ্রেপ্তারে আমরা কাজ করছি।

## ঈদের ছুটির পর গ্রাহক বাড়তে

ফাঁকা ছিল। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী, ঈদের ছুটি শেষে ব্যাংক লেনদেন হচ্ছে আগের সময়সূচি অনুযায়ী। অর্থাৎ ব্যাংকে লেনদেন চলছে সকাল ১০টা থেকে বেলা সাড়ে ৩টা পর্যন্ত। আর অফিসের কার্যক্রম চলছে সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। এদিন সকাল সাড়ে ১০টা থেকে বেলা ১২টা পর্যন্ত রাজধানীর মতিঝিল, গুলিস্থান, পল্টন, ফকিরাপুলসহ বেশ কয়েকটি এলাকা ঘুরে দেখা গেছে, ব্যাংকগুলোতে সাধারণ গ্রাহকের উপস্থিতি তুলনামূলক কম। তবে ঈদের পর প্রথম ও দ্বিতীয় দিনের তুলনায় গ্রাহক উপস্থিতি কিছুটা বেড়েছে। কর্মকর্তারা পরিচিত অনেক গ্রাহকের সঙ্গে লেনদেনের পাশাপাশি কুশলাদি বিনিময় করছেন। ব্যবসায়ী আসাদ নূর রূপালী ব্যাংকে এসেছেন টাকা তুলতে। তিনি বলেন, আমার লেদার কর্মচারীদের বেতন দিতে হবে যেটা ঈদের আগে দেওয়া হয়নি। টাকা জমা দিতে এসেছেন ওয়াহিদ নামে এক গ্রাহক। তিনি বলেন, ঈদের আগে কোরবানিসহ কেনাকাটার জন্য বেশ কিছু টাকা উঠানো হয়েছিল। এর বেশিরভাগ টাকা আর প্রয়োজন পড়েনি তাই জমা দিতে এসেছি। খুচরো টাকার প্রয়োজন হলেতো কার্ডের মাধ্যমে উঠাতে পারবো। ব্যাংক কর্মকর্তারা বলছেন, ঈদুল আজহার ছুটি শেষে অনেক মানুষ এখনও ঢাকায় ফেরেননি। এ কারণে ব্যাংকিং কার্যক্রমেও এর প্রভাব পড়েছে। সোনালী ব্যাংক কর্মকর্তা নজরুল ইসলাম বলেন, আজ গ্রাহক গত দুই দিনের তুলনায় বেশি রয়েছে। কাল থেকে আরও বেশি গ্রাহক আসবে বলে ধারণা করছি। কারণ এরইমধ্যে ঈদের ছুটি শেষ হয়েছে, মানুষ ঢাকামুখী হচ্ছেন। ঈদের আগে টাকা তোলার পরিমাণ বেশি ছিল। এখন টাকা জমা-তোলা দুটোই চলছে।

## ব্লগার নাজিমুদ্দিন হত্যা মামলার

হোসেন, মো. ওয়ালিউল্লাহ ওরফে ওলি ওরফে তাহের ওরফে তাহসিন, সাব্বিরুল হক চৌধুরী ওরফে আকাশ ওরফে কনিক ও মাওলানা জুনেদ আহাম্মেদ ওরফে সাব্বির ওরফে জুনায়েদ পলাতক রয়েছেন। এ ছাড়া কারাগারে আটক রয়েছেন অন্য চার আসামি রশিদুন নবী ভূইয়া ওরফে রায়হান, মোজাম্মেল হুসাইন ওরফে সায়মন, মো. আরাফাত রহমান ও মো. শেখ আব্দুল্লাহ। ২০২২ সালের ১৭ জানুয়ারি মেজর জিয়াসহ ১১ জনের বিরুদ্ধে পুলিশের দেওয়া অভিযোগপত্র গ্রহণ করেন আদালত। একই সঙ্গে পলাতক পাঁচ আসামির বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। এরপর একই বছরের ২৩ ফেব্রুয়ারি পলাতক পাঁচজনের সম্পত্তি ক্রোকের আদেশ দেন। ২০১৬ সালের ৬ এপ্রিল রাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ক্লাস শেষে পুরান ঢাকার গেন্ডারিয়ার মেসে ফেরার পথে লক্ষ্মীবাজারের একরামপুর মোড়ে জঙ্গিরা কুপিয়ে এবং গুলি করে হত্যা করেন ব্লগার নাজিমুদ্দিনকে। এ ঘটনায় পরদিন সূত্রাপুর থানার উপপরিদর্শক (এসআই) মো. নুরুল ইসলাম বাদী হয়ে মামলা করেন। ২০২০ সালের ২০ আগস্ট বহিষ্কৃত মেজর সৈয়দ মো. জিয়াউল হক জিয়াসহ ৯ জনকে অভিযুক্ত করে আদালতে অভিযোগপত্র দাখিল করে কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট।

## ৫ বছরে ভোটার সংখ্যা

করবে ইসি। গত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সবশেষ ১০ কোটি ৪০ লাখেরও বেশি ভোটারের জন্য ৪০ হাজারেরও বেশি ভোটকেন্দ্র ছিল। দশম সংসদ নির্বাচনে নয় কোটি ১৯ লাখ ভোটারের জন্য কেন্দ্র ছিল ৩৭ হাজার ৭০৭টি। যেখানে ভোটকক্ষ ছিল এক লাখ ৮৯ হাজার ৭৮টি। নবম সংসদ নির্বাচনে আট কোটি ১০ লাখ ভোটারের জন্য কেন্দ্র ছিল ৩৫ হাজার ২৬৩টি। যেখানে ভোটকক্ষ ছিল এক লাখ ৭৭ হাজার ২৭৭টি। ইসির অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ বলেন, সংসদ নির্বাচনকে সামনে রেখে ইসির অনুমোদনের পর জুনের প্রথম সপ্তাহে 'ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা নীতিমালা' জারি করা হয়েছে। ইতো মধ্যে নারী-পুরুষ ভোটার বিবেচনায় নীতিমালা মেনে মাঠ কর্মকর্তাদের কাছে নির্ধারিত ছকে ভোটকেন্দ্রের প্রস্তাবনা পাঠানোর জন্য বলা হয়েছে। সরেজমিনে পরিদর্শন করে কমিটি ভোটকেন্দ্রের অবস্থান, ভোটকেন্দ্রের সংখ্যা, ভোটকক্ষের সংখ্যা ও ভোটার সংখ্যা এসবের সারসংক্ষেপ তৈরি করবে।

## ঢাকা-১৭ আসনের নির্বাচনে

প্রতিনিধি, ঢাকা মহানগর পুলিশের কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। আড়াই ঘণ্টার বৈঠক শেষে ইসি সচিব জাহাংগীর আলম আরও বলেন, ঢাকা-১৭ আসনের উপ-নির্বাচন রয়েছে এবং বিভিন্ন এলাকায় আরও ভোট রয়েছে ১৭ জুলাই। ঢাকা উপ-নির্বাচনে ব্যালট বাক্স ও ব্যালট পেপারের মাধ্যমে প্রথম ভোট হচ্ছে। তিনি আরও বলেন, আমাদের বার্তা একটি সুষ্ঠু, সুন্দর নির্বাচন করা। পুলিশ-প্রশাসনের প্রতি শতভাগ আস্থা রয়েছে বলেও উল্লেখ করেন তিনি। ইসির নির্দেশনা অনুযায়ী সুষ্ঠু ভোটে আইনশৃঙ্খলা পরিস্থিতি রক্ষায় সব ধরনের পদক্ষেপ নেওয়া হবে বলেও জানান এই নির্বাচন কর্মকর্তা।

## পাপিয়াকে কুমিল্লা কারাগারে

পাপিয়াকে কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর করা হয়েছে।
জানা যায়, কাশিমপুর কেন্দ্রীয় মহিলা কারাগারে বন্দী থাকার সময় পাপিয়া ও তার অপর সহযোগীর বিরুদ্ধে কারাগারের হাজতি ও শিক্ষানবিশ আইনজীবী রুনা লায়লাকে নির্যাতন এবং তার কাছে থাকা টাকা-পয়সা লুট করার অভিযোগ উঠে। নির্যাতনের শিকার রুনা লায়লা গাজীপুরের কাপাসিয়া থানার কড়িহাতা গ্রামের আব্দুল হাইয়ের মেয়ে এবং মৃত একেএম মাহমুদুল হকের স্ত্রী। তিনি গত ১৬ জুন থেকে ২৭ জুন পর্যন্ত গাজীপুরের কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারে বন্দী ছিলেন এবং গত ২৭ জুন জামিনে মুক্তি পেয়ে বর্তমানে গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছেন। রুনা লায়লার ভাই আব্দুল করিম এ বিষয়ে গাজীপুর জেলা প্রশাসকের কাছে গত ২৫ জুন লিখিত অভিযোগ করলে বিষয়টি গণমাধ্যমে প্রকাশিত হয়। আব্দুল করিম জেলা প্রশাসকের কাছে লিখিত অভিযোগে বলেন, গত ২২ জুন সকাল ১০টায় কাশিমপুর কারাগারে বন্দী আমার বোনের সঙ্গে দেখা করতে গেলে আমার বোনের নাম-ঠিকানা নেওয়ার ৩ ঘণ্টা পর সাক্ষাতের টিকিট কাউন্টার থেকে আমাকে জানানো হয় 'ডিও নাই', দেখা করা যাবে না। তারপরও আমি সেখানে অপেক্ষা করতে থাকি। পরে জামিনে বের হয়ে আসা অন্য হাজতিদের কাছে আমার বোন সম্পর্কে জানতে চাইলে তারা আমাকে জানায়, আমার বোন রুনা লায়লাকে পিটিয়ে মারাত্মক আহত অবস্থায় ফেলে রাখা হয়েছে। তখন আমি উদ্বিগ্ন হয়ে ফিরে যাই এবং পরের দিন আবার কারাগারে আমার বোনের সঙ্গে দেখা করতে যাই। পরে জানতে পারি, আমার বোনের কাছে ৭ হাজার ৪০০ টাকা পাওয়া গিয়েছিল। সেই টাকা কেড়ে নেওয়ার জন্য কারাগারে দায়িত্বে থাকা মেট্রন হাবিলদার ফাতেমা বেগম, নাসিমা আক্তার, হাজতি ও কয়েদিসহ যুব মহিলা লীগ থেকে বহিষ্কৃত নেত্রী কারাবন্দী শামীমা নুর পাপিয়া, সোনালি, আনন্দিকা, অবন্তিকা ও নাজমা আমার বোনকে সিসি ক্যামেরা নেই এমন স্থানে নিয়ে বেধড়ক পিটিয়ে মারাত্মকভাবে আহত করে। একপর্যায়ে আমার বোন রক্তবমি করে এবং জ্ঞান হারিয়ে ফেলে। জ্ঞান ফেরার পর আবারও তাকে পেটানো হয়।
আব্দুল করিম আরও অভিযোগ করেন, ২৩ জুন আমার বোনের সঙ্গে দেখা করার জন্য ফের কারাগারের সাক্ষাৎ কাউন্টারে টিকিট কাটতে গেলে টিকেটম্যান আমাকে কাশিমপুর কারাগারের অভিযোগ কেন্দ্রের ইনচার্জ আলেয়ার সঙ্গে দেখা করতে বলেন। আমরা আলেয়ার কাছে গেলে তিনি আমাদের বসিয়ে রেখে ডেপুটি জেলার জান্নাতুল তায়েবাকে আমাদের কাছে নিয়ে আসেন। জান্নাতুল তায়েবার কাছে আমার বোনকে মারধর করে আহত করার কথা জানালে তিনি বলেন, আপনার বোনের কিছু হয়নি। আমার বোনের সঙ্গে দেখা করার কথা বললে জান্নাতুল তায়েবা বলেন, দেখা করা যাবে না। তখন জান্নাতুল তায়েবার সঙ্গে আমাদের কথা কাটাকাটি হয়।




# জুনে ৪.৩৬ বিলিয়ন ডলারের পোশাক রপ্তানি

**নিজস্ব প্রতিবেদক :** জুন মাসে মোট পোশাক রপ্তানি হয়েছে ৪ দশমিক ৩৬ বিলিয়ন ডলার, একই মাসে প্রবৃদ্ধি হয়েছে ৬ দশমিক ৫৭ শতাংশ। জুনে লক্ষ্যমাত্রা ছিল ৪ দশমিক ৪৯ বিলিয়ন ডলার যেখানে অর্জিত হয়েছে ৪ দশমিক ৩৬ বিলিয়ন ডলার। এটি এ খাতে মোট লক্ষমাত্রার চেয়ে ২ দশমিক ৯০ শতাংশ কম। এদিকে মে মাসের ধারবাহিকতায় জুন মাসেও রপ্তানিতে ইতিবাচক প্রভাব অব্যাহত রয়েছে। আগের বছরের একই মাসের তুলনায় গত জুনে বাংলাদেশের রপ্তানি আয় ২ দশমিক ৫১ শতাংশ বেড়েছে। তবে আলোচিত জুন মাসে তৈরি পোশাক খাতে রপ্তানি প্রবৃদ্ধি বাড়লেও লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) প্রতিবেদন সূত্রে জানা গেছে, জুনে রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা ছিল ৫ দশমিক ৬৬ বিলিয়ন ডলার। লক্ষ্যমাত্রার চেয়ে কম ৯ দশমিক ৬১ শতাংশ অর্জিত হলেও প্রবৃদ্ধি হয়েছে আড়াই শতাংশ। গত বছরের এ সময়ে ৪ দশমিক ৯০ বিলিয়ন ডলারের পণ্য রপ্তানি হয়েছে। রপ্তানিতে বরাবরের মতোই অগ্রগামী অবস্থায় আছে দেশের পোশাকখাত। এ খাত থেকে এসেছে ৪৬ বিলিয়ন ডলার। এ খাতে প্রবৃদ্ধি হয়েছে ১০ দশমিক ২৭ শতাংশ। সদ্যবিদায়ী ২০২২-২৩ অর্থবছরের শেষ মাস জুনে ওভেন পোশাক রপ্তানি হয়েছে ১ দশমিক ৯০ বিলিয়ন ডলার আর প্রবৃদ্ধি হয়েছে ১ দশমিক ৯৯ শতাংশ। নিটওয়্যার পোশাক রপ্তানি হয়েছে ২ দশমিক ৪৬ বিলিয়ন ডলার, প্রবৃদ্ধি হয়েছে ১০ দশমিক ৪০ শতাংশ। ২০২২-২৩ অর্থবছরের পুরো সময়ে (জুলাই-জুন) ওভেন পোশাক রপ্তানি ২১ দশমিক ২৫ বিলিয়ন ডলার, প্রবৃদ্ধি হয়েছে ৯ দশমিক ৫৬ শতাংশ। নিটওয়্যার পোশাক রপ্তানি ২৫ দশমিক ৭৪ বিলিয়ন ডলার, যেখানে প্রবৃদ্ধি হয়েছে ১০ দশমিক ৮৭ শতাংশ। অর্থবছরে (জুলাই-জুন) মোট পোশাক রপ্তানি হয়েছে ৪৬ দশমিক ৯৯ বিলিয়ন ডলার, আর প্রবৃদ্ধি হয়েছে ১০ দশমিক ২৭ শতাংশ। পুরো অর্থবছরে লক্ষ্যমাত্রা ছিল ৪৬ দশমিক ৮০ বিলিয়ন ডলার, অর্জন হয়েছে ৪৬ দশমিক ৯৯ বিলিয়ন ডলার। এটি মোট লক্ষ্যমাত্রার তুলনায় মাত্র শূন্য দশমিক ৪১ শতাংশ বেশি। এ বিষয়ে তৈরি পোশাক মালিক ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) পরিচালক এবং ডেনিম এক্সপোর্ট লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মহিউদ্দিন রুবেল বলেন, জুনে আমাদের লক্ষ্যমাত্রা অর্জিত না হলেও ২০২২-২৩ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। তবে অর্জনের ফিগারটা খুব বড় না। কারণ এ দুঃসময়ে অর্থনৈতিক মন্দা ছিল। আবার অর্জিত লক্ষ্যমাত্রা নিয়ে খুশি হওয়ার কিছু নেই। তিনি বলেন, ক্রেতারা ক্রয়াদেশ কমিয়ে দিয়েছে, কাঁচামালের দাম বেড়েছে। এসবের মধ্যে আমাদের উচ্চমূল্যের পোশাক রপ্তানি বেড়েছে। আমাদের আরও কাজ করতে হবে। বিদায়ী ২০২২-২৩ অর্থবছরে রপ্তানি আয় দাঁড়াল ৫৫ দশমিক ৫৫ বিলিয়ন ডলার। যা এ যাবৎকালের সর্বোচ্চ রপ্তানি আয়। এ আয় বিগত ২০২১-২২ অর্থবছরের তুলনায় ৬ দশমিক ৬৭ শতাংশ বেশি। এর আগে ২০২১-২২ অর্থবছরের রপ্তানি আয় ছিল ৫২ দশমিক ৮ বিলিয়ন ডলার।

# পশ্চিম তীরে বড় ধরনের অভিযান শুরু করেছে ইসরায়েল



**আর্ন্তাতিক ডেস্ক :** অধিকৃত পশ্চিম তীরে জেনিনের শরণার্থী শিবিরে ইসরায়েলি বাহিনী এবং শসস্ত্র ফিলিস্তিনিদের তুমুল গুলি বিনিময় হয়েছে। গত সোমবার ইসরায়েলের সামরিক বাহিনী ওই অঞ্চলে ড্রোন হামলার মধ্য দিয়ে কয়েক বছরের মধ্যে সবচেয়ে ব্যাপকমাত্রায় অভিযান শুরু করেছে। হামলায় নিহত হয়েছে ৮ ফিলিস্তিনি এবং আহত হয়েছে আরও ৫০ জন। স্বাস্থ্য কর্মকর্তারা এ খবর জানিয়েছেন। ইসরায়েল বলছে, তারা সন্ত্রাসী সংগঠনগুলোর ব্যাপক ক্ষতি সাধন করেছে। তবে ফিলিস্তিনিরা ইসরায়েলের বিরুদ্ধে যুদ্ধাপরাধের অভিযোগ করেছে। ইসরায়েলের এক সামরিক মুখপাত্র বলেছেন, এ অভিযান শেষের কোনো সময়সীমা নেই। তবে এ অভিযান কয়েক ঘণ্টাও চলতে পারে, একদিন চলতে পারে কিংবা দু'দিনও চলতে পারে। জেনিন নতুন প্রজন্মের সশস্ত্র ফিলিস্তিনি গেরিলাদের ঘাঁটিতে পরিণত হয়েছে। গতবছর জেনিনে বার বার ইসরায়েলি অভিযান চলেছে। আর স্থানীয় ফিলিস্তিনিরাও ইসরায়েলিদের নিশানা করে কয়েক বার গুলি চালিয়েছে। ইসরায়েলের সামরিক বাহিনী জানিয়েছে, তাদের বাহিনী জেনিন ব্রিগেডের যোদ্ধাদের কমান্ড সেন্টার হিসেবে ব্যবহৃত একটি বিগ্রেডে আঘাত হেনেছে। ইসরায়েল তাদের অভিযানকে 'সন্ত্রাসবাদ দমনের বড় ধরনের প্রচেষ্টা' বলে অভিহিত করেছে। ওদিকে, ফিলিস্তিনের প্রধানমন্ত্রী ইসরায়েলের এই অভিযানকে আগ্রাসন আখ্যা দিয়ে বলেছেন, "বীরোচিত জেনিন শিবির এই আগ্রাসন এবং দখলদারিত্ব রুখে দাঁড়াচ্ছে।" জেনিন শিবিরের এক বাসিন্দা আহমেদ জাকি বিবিসি কে বলেছেন, কয়েকটি রাস্তা থেকে ইসরায়েলের সারি সারি সামরিক যান শরণার্থী শিবিরের দ্বারপ্রান্তে চলে এসেছে। এই শিবিরে সত্যিকারের যুদ্ধ চলছে বলে মন্তব্য করেছেন ফিলিস্তিনের এক অ্যাম্বুলেন্স চালক। রয়টার্স বার্তা সংস্থাকে তিনি বলেন, "শিবিরের ওপর আকাশ থেকে হামলা চালানো হচ্ছে। প্রতিবারই আমরা পাঁচ থেকে সাতটি অ্যাম্বুলেন্স নিয়ে যাই আর গাড়ি ভর্তি করে আহতদের নিয়ে ফিরে আসি।" ফিলিস্তিনের স্বাস্থ্যমন্ত্রণালয় জানিয়েছে, আহতদের ১০ জনের অবস্থা গুরুতর হওয়ায় নিহতের সংখ্যা আরও বাড়তে পারে। ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী জেনিনের অভিযান পরিকল্পনামতই এগুচ্ছে বলে মন্তব্য করেছেন।

# সৌদিতে পাঁচজনের মৃত্যুদণ্ড কার্যকর

**আর্ন্তাতিক ডেস্ক :** সৌদি আরবে পাঁচজনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। মৃত্যুদণ্ড কার্যকর হওয়া পাঁচজনের মধ্যেই চারজনই সৌদির নাগরিক, অন্যজন মিসরের নাগরিক। উপাসনালয়ে হামলার অভিযোগে তাদের মৃত্যুদণ্ডের সাজা দেওয়া হয়েছিল। চলতি বছরের মধ্যে একসঙ্গে পাঁচ মৃত্যুদণ্ড কার্যকরের সবচেয়ে বড় ঘটনা বলে জানিয়েছে দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম। গত সোমবার এ তথ্য জানিয়েছে ফরাসি সংবাদ সংস্থা এএফপি। সৌদির তেল সমৃদ্ধ পূর্বাংশে সংখ্যালঘু সিত্তে জনগোষ্ঠীর ওপর হামলা চালিয়ে পাঁচজনকে হত্যা ও অগণিতকে আহত করার অভিযোগে মৃত্যুদণ্ড কার্যকর হওয়া ওই পাঁচজন বিচারের মুখোমুখি হয়েছিল। সৌদি আরবের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা সৌদি প্রেস এজেন্সিতে (এসপিএ) প্রকাশিত এক বিবৃতি মৃত্যুদণ্ড কার্যকর হওয়ার খবর জানানো হলেও কবে বা কখন ওই পাঁচজন হামলা চালিয়েছিল অথবা কোন ধরণের উপাসনালয়ে হামলা চালিয়েছে তা নিশ্চিত করেনি দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এমনকি, কোন প্রক্রিয়ায় মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে তা নিয়ে কোনো তথ্য জানায়নি। প্রতিবেদনে এএফপি জানিয়েছে, এ নিয়ে চলতি বছরে মোট ৬৮ জনের মৃত্যুদণ্ড কার্যকর করেছে সৌদি সরকার।



# বিশ্ববাজারে বেড়েছে তেলের দাম

**আর্ন্তাতিক ডেস্ক :** নিজেদের আয় ঠিক রাখতে তেল উৎপাদন কমিয়ে দিয়েছে সৌদি আরব, রাশিয়াসহ তেল উৎপাদনকারী দেশগুলো। আর এতেই গত সোমবার বিশ্ববাজারে বেড়েছে অপরিশোধিত তেলের দাম। খবর এএফপির। ফরাসি সংবাদ সংস্থাটি তাদের প্রতিবেদনে জানায়, তেলের উৎপাদন প্রতিদিন ১০ লাখ ব্যারেল কমানোর ঘোষণা দিয়েছে সৌদি। অন্যদিকে, রাশিয়া জানিয়েছে, তারা প্রতিদিন পাঁচ লাখ ব্যারেল তেল রপ্তানি কম করবে। আর এতেই আন্তর্জাতিক বেঞ্চমার্ক প্রতিষ্ঠান ব্রেন্ট ক্রুড ও যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইমিডিয়েটে (ডাব্লিউটিআই) অপরিশোধিত তেলের দাম বেড়েছে। তেল উৎপাদনকারী জোট ওপেক প্লাসের অন্যতম দুই সদস্যের ঘোষণায় তেলের দাম বাড়তে পারে এই অনুমান আগে থেকেই করা হচ্ছিল। আর হলোও তেমনটাই। প্রতিবেদনে এএফপি আরও জানিয়েছে, গত সোমবার গ্রিনিচ টাইম ১১টা ৩০ মিনিটে ব্রেন্ট ক্রুডের দাম এক শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ৭৬ দশমিক ১২ ডলার। ডব্লিউটিআই ক্রুডের দামও বেড়েছে এক দশমিক এক শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ৭১ দশমিক ৪২ ডলারে। এদিকে, তেলের দাম বাড়ায় বিশ্বজুড়ে শেয়ার সূচকও বেড়েছে। লন্ডনের এফটিএসই ১০০ সূচক বেড়েছে শূন্য দশমিক তিন শতাংশ। প্যারিসের সিএসি ৪০ সূচক শূন্য দশমিক দুই শতাংশ বেড়ে গিয়ে ঠেকেছে সাত হাজার ৪১২ দশমিক ৪৫ এ। জার্মানির ফ্র্যাঙ্কফুর্ট-ডিএএক্স শেয়ার বাজারে পতন হয়েছে শূন্য দশমিক এক শতাংশ। ইউরো স্টক্স ৫০ বাজারে শেয়ারের সূচক বেড়েছে শূন্য দশমিক তিন শতাংশ। টোকিওর নিক্কেই শেয়ার বাজারে সূচক এক দশমিক সাত শতাংশ বেড়েছে।

# আফগানিস্তানে নারীদের বিউটি পার্লার নিষিদ্ধ

**আর্ন্তাতিক ডেস্ক :** আফগানিস্তানের তালেবান সরকার নারীদের বিরুদ্ধে নতুন খড়গ বসালো। এবার রাজধানী কাবুলসহ সারা দেশে নারীদের পরিচালিত রূপচর্চাকেন্দ্র (বিউটি সেলুন বা বিউটি পার্লার) নিষিদ্ধ ঘোষণা করে আদেশ জারি করেছে দেশটির সরকার। তালেবান সরকারের নৈতিকতা ও মূল্যবোধ মন্ত্রণালয়ের মুখপাত্র মোহাম্মদ আকিফ মাহাজার তোলো নিউজকে এ তথ্য জানিয়েছেন। নতুন এ আইন দেশটির পৌরসভাগুলোতেও কার্যকরের নির্দেশ দেওয়া হয়েছে। নারীদের পরিচালিত বিউটি সেলুনের লাইসেন্স বাতিল করতে কাবুল পৌরসভাকে নির্দেশনা দিয়েছে মন্ত্রণালয়। রায়হান মুবারিজ নামে একজন মেইকআপ আর্টিস্ট তোলো নিউজকে বলেন, পুরুষদের এখন চাকরি নেই। যখন তারা পরিবারের দায়িত্ব পালন করতে পারছেন না তখন নারীদের বাধ্য হয়ে সেলুনে কাজ করতে হচ্ছে। এখন তাদেরকেই যদি নিষিদ্ধ করা হয় তাহলে আমরা এখন কী করবো?

# উড়িষ্যার ট্রেন দুর্ঘটনার কারণ 'ক্রটিপূর্ণ সিগন্যাল সংযোগ'



**আর্ন্তাতিক ডেস্ক :** উড়িষ্যার ভয়াবহ ট্রেন দুর্ঘটনার কারণ খুঁজে পেয়েছেন তদন্তকারীরা। যে শ্রমিকরা রেলপথের পুরনো লেভেল ক্রসিংয়ের প্রতিবন্ধক সংস্কার করছিল তারা রেল নেটওয়ার্কের স্বয়ংক্রিয় সিগন্যাল পদ্ধতির সংযোগে ভুল করাতে দুই দশকের মধ্যে ভারতের সবচেয়ে প্রাণঘাতী রেল বিপর্যয়ের ঘটনাটি ঘটেছিল বলে তদন্তে দেখতে পেয়েছেন তারা। রাজ্যটির বালেশ্বর জেলার বহানগা বাজার স্টেশনে গত ২ জুন এ দুর্ঘটনাটি ঘটেছিল। এতে ২৮৮ জন নিহত ও এক হাজার জনেরও বেশি আহত হয়েছিল। ওই দিন সন্ধ্যায় কলকাতা থেকে চেন্নাইগামী যাত্রীবাহী করমণ্ডল এক্সপ্রেস বহানগা বাজার স্টেশনে দাঁড়ানো একটি মালবাহী ট্রেনকে পেছনে থেকে পূর্ণ বেগে ধাক্কা দেয়। করমণ্ডল এক্সপ্রেস ট্রেনটির এ স্টেশনের আপ লাইন ধরে সোজা চলে যাওয়ার কথা ছিল, কিন্তু কোনো একটা ক্রুটির কারণে সোজা লাইনে না গিয়ে এক্সপ্রেস ট্রেনটি স্টেশনের লুপ লাইনে ঢুকে পড়ে আর সেখানে দাঁড়িয়ে থাকা মালবাহী ট্রেনকে ধাক্কা দেয়। এই সংঘর্ষের পাল্টা ধাক্কায় করমণ্ডলের কয়েকটি বগি ছিটকে গিয়ে পাশের ডাউন লাইনে পড়ে, ওই লাইন ধরে তখন বিপরীত দিক থেকে আসছিল বেঙ্গালুরু-হাওড়া সুপারফাস্ট এক্সপ্রেস ট্রেন; করমণ্ডলের বগিগুলোর আঘাতে হওড়া সুপারফাস্ট এক্সপ্রেসের পেছনের কয়েকটি বগি লাইনচ্যুত হয়। রয়টার্সের দেখা ওই তদন্ত প্রতিবেদনে রেলওয়ের সেইফটি কমিশনের (সিআরএস) তদন্তকারীরা জানিয়েছেন, নিকটবর্তী লেভেল ক্রসিংয়ের প্রতিবন্ধকে ঘন ঘন ঘটা সমস্যা সারাতে সিগন্যালিং সার্কিটে কিছুটা পরিবর্তন করা হয় আর এর কারণেই প্রথম সংঘর্ষের ঘটনাটি ঘটে। প্রতিবেদনটিতে বলা হয়েছে, রেলওয়ের স্থানীয় কর্মীদের কাছে কোনো মান সার্কিট ডায়াগ্রাম ছিল না, এ কারণেই তারা মেরামতের জন্য বুম-ব্যারিয়ার সার্কিটটিকে অফলাইনে নেওয়ার চেষ্টাকালে সিগন্যালিং সিস্টেমের সংযোগে ক্রুটি ঘটে; এই ক্রুটিপূর্ণ সিস্টেম যাত্রীবাহী করমণ্ডল এক্সপ্রেসকে সোজা লাইনে না পাঠিয়ে লুপ লাইনে দাঁড়িয়ে থাকা মালবাহী ট্রেনের দিকে চালিত করে।

# যুক্তরাষ্ট্রে বন্দুক হামলায় চারজনের মৃত্যু

**আর্ন্তাতিক ডেস্ক :** এক দিনের ব্যবধানে যুক্তরাষ্ট্রের পৃথক স্থানে গুলির ঘটনা ঘটেছে। স্থানীয় সময় গত সোমবার রাতে ফিলাডেলফিয়ায় গুলিতে চারজনের প্রাণ গেছে। এ ঘটনায় দুই শিশু আহত হয়েছে। ফিলাডেলফিয়া শহরের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের কিংসেসিং এলাকায় এ ঘটনা ঘটেছে। সন্দেহভাজন ব্যক্তিকে আটক করেছে পুলিশ। পুলিশ জানিয়েছে, আহত এক শিশুর বয়স দুই বছর, অপর শিশুটি ১৩ বছর বয়সী। হতাহতদের সবাই পুরুষ। সন্দেহভাজন ব্যক্তিকে আটক করার পর তার কাছ থেকে একটি রাইফেল ও একটি হ্যান্ডগান জব্দ করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। তিনি বুলেট-প্রতিরোধী পোশাক (ব্যালিস্টিক ভেস্ট) পরে ছিলেন। তার নাম-পরিচয় প্রকাশ করা হয়নি। এই বন্দুক হামলার ঘটনার এক দিন আগে যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডের বাল্টিমোরে গুলিতে প্রাণ গেছে দুজনের।



# শতভাগ ফিট না হওয়া সত্ত্বেও প্রথম ওয়ানডে খেলবেন তামিম

**স্পোর্টস প্রতিবেদক :** শতভাগ ফিট না হওয়া সত্ত্বেও আজ থেকে আফগানিস্তানের বিপক্ষে বিপক্ষে শুরু হতে যাওয়া তিন ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচ খেলার সিদ্বান্ত নিয়েছেন বাংলাদেশ অধিনায়ক তামিম ইকবাল। লোয়ার ব্যাক ইনজুরির কারণে রেকর্ড ৫৪৬ রানে জয় পাওয়া আফগানিস্তানের বিপক্ষে একমাত্র টেস্টে খেলতে পারেননি তামিম।। ওয়ানডে সিরিজের আগে অনুশীলন সেশনে আবারও পুরনো ইনজুরি দেখা দেয় তামিমের। এতে আগেভাগেই সতর্ক হন তিনি। আজ চট্টগ্রামে সাংবাদিকদের তামিম বলেন, 'আমি মানসিকভাবে এবং শারীরিকভাবে আগের চেয়ে ভালো অবস্থাস্থ আছি। কিন্তু বলবো না, আমি শতভাগ ফিট আছি।' তিনি আরও বলেন, 'আগামীকাল (বুধবার) খেলার জন্য আমি প্রস্তুত। আগামীকাল খেলার পর বুঝতে পারবো কি অবস্থা আছে, অবস্থার মূল্যায়ন করা যাবে। দেখতে হবে, কতটা মানিয়ে নিতে পারছি আর কতটা পারছি না। কিন্তু আমি এমন কিছু করবো না যাতে দল সমস্যায় পড়ে। আমি সবসময় বলি, যে কোন ব্যক্তির আগে দল।' এর আগে বাংলাদেশের প্রধান কোচ চন্ডিকা হাথুরুসিংহে বলেছিলেন, তামিম ওয়ানডে সিরিজ খেলতে না পারলে দলে অধিনায়ক এবং ব্যাক-আপ ওপেনার প্রস্তুত আছে। নেতৃত্ব উদ্বেগের বিষয় হলেও তার অনুপস্থিতি দলের জন্য সমস্যা হবে না বলে মনে করেন তামিম। তিনি বলেন, 'আমি মনে করি, দলের দায়িত্ব নেওয়ার মতো অনেকেই আছেন। এটি কোন বড় ব্যাপার নয়।' এর আগে গত বছর ভারতের বিপক্ষে ২-১ ব্যবধানে জয় পাওয়া সিরিজে বাংলাদেশকে নেতৃত্ব দিয়েছিলেন লিটন দাস। গেল মাসে আফগানিস্তানের বিপক্ষে একমাত্র টেস্টেও দলের দায়িত্ব পালন করেছেন তিনি। তবে ওয়ানডে ফরম্যাটে এখনও সহ-অধিনায়ক হিসেবে কাউকে দায়িত্ব দেয়নি বিসিবি। তামিম বলেন, 'বোর্ড থেকে অধিনায়ক এবং সহ-অধিনায়ক নির্বাচিত করা হয় এবং এই বিষয়ে আমার অভিমত অপ্রয়োজনীয়। আমি মনে করি না, কোন অধিনায়ক কখনও বলেছেন- তাকে সহ-অধিনায়ক হিসাবে দরকার বা ঐ ব্যক্তিকে প্রয়োজন। বোর্ড যদি মনে করলে সভাবেই সিদ্ধান্ত নিবে।'

# শেষ তিন টেস্ট জিতে অ্যাশেজ জয়ের স্বপ্ন দেখছেন ম্যাককালাম

**স্পোর্টস ডেস্ক :** প্রথম দুই টেস্ট হেরে অস্ট্রেলিয়ার বিপক্ষে অ্যাশেজ সিরিজে ২-০ ব্যবধানে পিছিয়ে পড়েছে স্বাগতিক ইংল্যান্ড। সিরিজ জিততে হলে বাকী তিন টেস্টে জয়ের বিকল্প নেই ইংলিশদের। এমন সমীকরন বেশ ভালোই জানেন নিউজিল্যান্ডের সাবেক অধিনায়ক ও ইংল্যান্ডের বর্তমান কোচ ব্রেন্ডন ম্যাককালাম। সিরিজের বাকী তিন টেস্ট জিতেই সিরিজ জয়ের স্বপ্ন দেখছেন ম্যাককালাম। তিনি জানান, বাকী তিন টেস্টে প্রতিপক্ষকে চেপে ধরতে হবে এবং অ্যাশেজ জয়ের চেষ্টা করতে হবে। দুর্দান্ত ফর্ম নিয়ে ঘরের মাঠে অস্ট্রেলিয়ার বিপক্ষে অ্যাশেজ খেলতে নামে ইংল্যান্ড। কোচ হিসেবে ম্যাককালাম ও অধিনায়ক হিসেবে বেন স্টোকস দায়িত্ব নিয়ে 'বাজবল' তত্ত্বে টেস্ট ক্রিকেটের পরাশক্তি দলে পরিণত হয় ইংলিশরা। আগ্রাসী ব্যাটিং-বোলিংয়ে প্রতিপক্ষকে হারাতে মোটেও বেগ পেতে হচ্ছে না তাদের। এবারও অ্যাশেজে অস্ট্রেলিয়ার বিপক্ষে একই পন্থা অবলম্বনের ঘোষনা দিয়ে রেখেছিলো তারা। কিন্তু প্রথম দুই টেস্টেই হারতে হলো ইংল্যান্ডকে। তবে লড়াই করে হার মানে তারা। প্রথম টেস্ট ২ উইকেটে ও দ্বিতীয়টি ৪৩ রানে হারে ইংল্যান্ড। ২-০ ব্যবধানে পিছিয়ে সিরিজ হারের মুখে পড়েছে স্টোকস-রুটরা। কিন্তু সিরিজ হার নিয়ে না ভেবে শেষ তিন টেস্টে অস্ট্রেলিয়াকে বড়সড় ধাক্কা দিতে চান ম্যাককালাম। সিরিজ জয়ের স্বপ্ন দেখছেন তিনি। ইংল্যান্ডের সংবাদমাধ্যমকে ম্যাককালাম বলেন, 'আমি কল্পনা করতে পারছি না, শীঘ্রই তাদের সাথে আমরা বিয়ার খাবো। আমাদের কাছে তিনটি টেস্ট আছে, তাদের ধাক্কা দিতে হবে এবং অ্যাশেজ জয়ের চেষ্টা করতে হবে। এখানেই আমাদের মনোযোগ রাখতে হবে।' বার্মিংহামে প্রথম টেস্টের শেষ দিনের শেষ ঘন্টায় অস্ট্রেলিয়ার অধিনায়ক প্যাট কামিন্স ও নাথান লিঁওর নবম উইকেটে অবিচ্ছিন্ন ৫৫ রানে ম্যাচ জিতে নেয় অস্ট্রেলিয়া। লর্ডসে দ্বিতীয় টেস্ট জিততে ৩৭১ রানের টার্গেট পেয়েছিলো ইংল্যান্ড। ব্যাট হাতে একাই লড়াই করেছেন অধিনায়ক স্টোকস। ৯টি করে চার-ছক্কায় ২১৪ বলে ১৫৫ রানের অসাধারণ ইনিংস খেলেন স্টোকস। তার ইনিংসের পরও জয়ের হাসি নিয়ে মাঠ ছাড়ে অসিরা। লর্ডসে অস্ট্রেলিয়ার কাছে হারের সাথে, জনি বেয়ারস্টোর বির্তকিত আউট নিয়েও হতাশ ছিলো ইংল্যান্ড। অস্ট্রেলিয়ার পেসার ক্যামেরুন গ্রিনের বাউন্সার না খেলেই উইকেট ছেড়ে বেরিয়ে যান জনি বেয়ারস্টো। তিনি ভেবেছিলেন, বল ডট হয়ে গেছে। তখনই বল ছুঁড়ে বেয়ারস্টোর স্টাম্প ভাঙ্গেন অস্ট্রেলিয়ার উইকেটরক্ষক অ্যালেক্স ক্যারি। অস্ট্রেলিয়ার খেলোয়াড়দের আউটের আবেদনে অন ফিল্ড আম্পায়াররা সাড়া না দিলেও বেয়ারস্টোকে স্টাম্প আউট ঘোষনা করেন থার্ড আম্পায়ার। ম্যাককালাম মনে করেন, আমরা অস্ট্রেলিয়ার জায়গায় থাকলেও বেয়ারস্টোকে আবারও ব্যাটিংয়ের জন্য ডাকা হতো।

## বিনোদন

# শুটিংয়ে আহত শাহরুখ নাকে অস্ত্রোপচার



**বিনোদন ডেস্ক :** যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে শুটিং করতে গিয়ে আহত হয়েছেন বলিউড তারকা শাহরুখ খান। নাকে চোট পেয়েছেন তিনি। করা হয়েছে অস্ত্রোপচার। নাকের অস্ত্রপচারের পর বলিউড বাদশা ফিরে এসেছে নিজ দেশে। এখন তার শারীরিক অবস্থা বেশ ভালো। গতকাল মঙ্গলবার টাইমস অফ ইন্ডিয়ার প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। তবে ঠিক কবে শাহরুখ আহত হন বা এ নিয়ে কিছুই বিস্তারিত জানানো হয়নি সংবাদমাধ্যমে। শাহরুখের ঘনিষ্ঠ এক সূত্র জানায়, সেটে আচমকা আঘাত পান শাহরুখ। নাক দিয়ে রক্তক্ষরণ শুরু হয় তার। এক মুহূর্তও দেরি না করে হাসপাতালে নিয়ে যাওয়া হয় তাকে। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী অস্ত্রোপচারও করা হয় শাহরুখের। আপাতত নাকে ব্যান্ডেজ লাগানো রয়েছে তার। প্রতিবেদনে বলা হয়েছে, তবে চিন্তার কোনো কারণ নেই। অস্ত্রোপচারের পর দেশে ফিরেছেন শাহরুখ। এই মুহূর্তে নিজের বাড়ি মান্নাতে রয়েছেন তিনি। প্রায় ৩১ বছরের দীর্ঘ ক্যারিয়ারে একাধিকবার চোট পেয়েছেন শাহরুখ। প্রতিবারই তার অসুস্থতার খবর মন ভেঙে দিয়েছে তার ভক্তদের। ২০১৭ সালেও তাকে একটি ছোট অপারেশনের মধ্যে দিয়ে যেতে হয়েছিল। রইস-এর শুটিংয়ের সময় হাঁটুতে চোট পাওয়ার পর হয় হাঁটুর অস্ত্রোপচার। ২০১৩ সালে চেন্নাই এক্সপ্রেসের শুটিং শেষ হওয়ার পর কিং খান করিয়েছিলেন তার অষ্টম অপারেশন। ২০০৯ সালে বাম কাঁধের লিগামেন্ট ছিঁড়ে যাওয়ার জন্যও শাহরুখকে অপারেশন করতে হয়েছিল। দীর্ঘ সাড়ে চার বছর পর্দা থেকে দূরে ছিলেন শাহরুখ। চলতি বছরের জানুয়ারিতে পাঠান দিয়ে ফেরেন তিনি। বক্স অফিসে বিশ্বব্যপী প্রায় ১ হাজার কোটির ব্যবসা করেছে এই সিনেমা।

# ঠিকঠাক সুযোগের অপেক্ষায় ছিলেন মারিয়া



**বিনোদন ডেস্ক :** গত দুই বছরে বহু ফ্যাশন হাউজের মডেল হয়েছেন মারিয়া শান্ত। পাশাপাশি ২০টির মতো টিভিসিতে কাজ করেছেন। এবার অভিনয় শুরু করলেন! প্রথমবারের মতো নাটকে অভিনয় করলেন মারিয়া, তার বিপরীতে অভিনয় করেছেন মুশফিক আর ফারহান। 'লাফাঙ্গা' নামে ওই নাটক পরিচালনা করেছেন মেহেদী হাসান হৃদয়। ঈদ উপলক্ষে সিএমভি'র ইউটিউব চ্যানেলে নাটকটি প্রকাশিত হয়। দুদিনে প্রায় দুই মিলিয়ন দর্শক এটি দেখেছে। মারিয়া জানালেন, তার অভিনয় করার ইচ্ছে অনেক আগে থেকে ছিল, কিন্তু ঠিকঠাক সুযোগের অপেক্ষায় ছিলেন তিনি। মারিয়া শান্ত বলেন, অভিনয় শুরু করার জন্য আমি একটি গুড লঞ্চিংয়ের অপেক্ষায় ছিলাম। যেখানে ভালো প্রডাকশন হাউজ, ডিরেক্টর এবং সহশিল্পী থাকবেন। সেই ইচ্ছে পূরণ হলো 'লাফাঙ্গা' নাটকের মধ্য দিয়ে। তিনি বলেন, অভিনয় করে আমি মজা পেয়েছি। মনে হয়েছে মডেলিংয়ের চেয়ে আমি অভিনয়ে ভালো করবো। অভিনয় এবং শুটিং করার সময় অনুভব করেছি আমার সঙ্গে অভিনয়টাই যায়। তাই আমি নিয়মিত অভিনয় করবো। তিনি বলেন, 'লাফাঙ্গা' মুক্তির দুই দিনে দুই মিলিয়ন ভিউ হয়েছে। হাজারের বেশী মন্তব্য দেখছি ইউটিউবে। সবাই প্রশংসা করছেন এবং ভালো রিভিউ দিচ্ছেন। আমার চোখে বাজে মন্তব্য আসেনি। সবার প্রশংসায় অনেক ভালো লাগছে। তাছাড়া ফারহান ভাইয়া অনেক ভালো অভিনেতা। নতুন হিসেবে তিনি আমাকে অনেক সাপোর্ট করেছেন। পরিচালক থেকে প্রত্যেকেই আমাকে সাপোর্ট দিয়েছেন। আরও একটি নাটক করেছি সেটি সামনে প্রচার হবে। অভিনয়ে সুযোগ পেলেন কীভাবে? মারিয়া শান্ত বলেন, সিএমভি থেকে আমাকে ব্রেক দিয়েছে। তারা নতুনদের সুযোগ দিচ্ছেন। এখনকার আমার মতো যারা নতুন তারা খুব ভালো ভালো কাজ করছে। আমি ভালো কাজ হিসেবে এর সঙ্গে আছি। যেহেতু আমি অভিনয়ে নতুন তাই আরও ভালো করে অভিনয় শিখতে চাই। এখন নিয়মিত নাটকে কাজ করতে চাই, আপাতত ফিল্ম করার ইচ্ছে নেই।

# দীর্ঘ বিরতির পর নাটকে স্পর্শিয়া, সঙ্গী ফারহান

**বিনোদন ডেস্ক :** এক সময়ে নাটকের ব্যস্ত অভিনেত্রী ছিলেন অর্চিতা স্পর্শিয়া। এখন চলচ্চিত্রের দিকেই মনোযোগী তিনি। দেখা যায় ওটিটির কাজেও। এর আগে জানিয়েছিলেন নাটক একেবারেই ছেড়েছেন তিনি। কিন্তু ছাড়া আর হলো কই! দীর্ঘদিন পর একসঙ্গে দুইটি নাটকে অভিনয় করলেন স্পর্শিয়া। যার একটি 'জুতা নিজ দায়িত্বে রাখিবেন'; অন্যটি 'এই গল্পের নাম কী?'। দুটিতেই স্পর্শিয়ার বিপরীতে আছেন এ সময়ের জনপ্রিয় অভিনেতা মুশফিক আর ফারহান। দুটি নাটকই নির্মাণ করেছেন মাবরুর রশিদ বান্নাহ। এই নাটকের মাধ্যমে প্রায় সাত বছর পর নির্মাতা মাবরুর রশিদ বান্নাহর দুটি নাটকে অভিনয় করলেন অর্চিতা স্পর্শিয়া। দীর্ঘদিন পর নাটকে ফেরা নিয়ে স্পর্শিয়া বলেন, 'নাটক আমি সত্যিই করছি না। তবে বান্নাহ ভাইয়ের নাটক তো; না করা যাবে না। তাঁর সঙ্গে দীর্ঘ সাত বছর পর কাজ করলাম। দুটি নাটকেই আমার সহশিল্পী ফারহান। যিনি এ সময়ের জনপ্রিয় একজন অভিনেতা। মজার বিষয় হচ্ছে, আমি যখন নাটক ছেড়ে দিই তখন ফারহান সবে নাটকে অভিনয় শুরু করেন। দুটি কাজই গল্পনির্ভর।

# নিশোর বক্তব্য নিয়ে সমালোচনার ঝড়!

**বিনোদন প্রতিবেদক :** গত ২৯ জুন মুক্তি পেয়েছে আফরান নিশো অভিনীত সিনেমা 'সুড়ঙ্গ'। রায়হান রাফি নির্মিত এ সিনেমা দর্শকদের মাঝে দারুণ সাড়া ফেলেছে। প্রেক্ষাগৃহ থেকে মুঠোফোনে ধারণ করা সিনেমাটির কিছু ভিডিও ক্লিপ নেটদুনিয়ায় ছড়িয়ে পড়েছে। আবার সিনেমাটির কিছু দৃশ্যকে কিছু দর্শক 'অশ্লীল' বলে মন্তব্য করেছেন। এ দুটো বিষয় নিয়ে কথা বলার জন্য গতকাল সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। তাতে উপস্থিত ছিলেন আফরান নিশো, রায়হান রাফি, তমা মির্জাসহ অনেকে। কিন্তু সংবাদ সম্মেলনে আফরান নিশোর একটি মন্তব্য নিয়ে সোশ্যাল মিডিয়ায় ঝড় বইছে। আপনার প্রথম সিনেমা, আরেকদিকে ঈদের মতো উৎসব আর শক্ত প্রতিদ্বন্দ্বী; এসব কারণে চাপ অনুভব করেছেন কিনা? এমন এক প্রশ্নের জবাবে নিশো বলেন- 'একটা প্রশ্ন বার বার আসে সেটা হলো- চাপ। আসলে কীসের চাপ? এখন বয়স চল্লিশের উপরে। অনেক দিন ধরে কাজ করছি। তাহলে চাপটা আসলে কীসের? আমি তো সো কল্ড হিরো না যে, বিয়ে করে বউয়ের কথা বলব না, বাচ্চার কথা বলব না। এ ধরনের দর্শন অনেক আগে ছিল।' 'আগে বলা হতো, তোমরা যারা নায়ক, তারা বের হয়ে জনগণের সঙ্গে দেখাসাক্ষাৎ করো না, অনেক বেশি এক্সক্লুসিভ থাকো। কিন্তু আমরা যারা ছোট পর্দায় কাজ করেছি, ভক্তরা আমাদের অনেক বেশি অনুপ্রাণিত করছে। তাদের সঙ্গে মতবিনিময় করা, সহজ হওয়া, কথা বলা, এটা আসলে ভদ্রতা, আন্তরিকতা। এটা বৈশ্বিকভাবেই হয়ে থাকে।' বলেন নিশো। 'আমি তো সো কল্ড হিরো না যে, বিয়ে করে বউয়ের কথা বলব না, বাচ্চার কথা বলব না।'- আফরান নিশোর বক্তব্যের এই



অংশটুকু নেটিজেনদের বড় একটি অংশ ভালোভাবে গ্রহণ করেননি। ফিরোজ আহমেদ নিজো নামে একজন লিখেছেন, 'আপনি নিঃসন্দেহে খুব ভালো অভিনয় করেন। আপনার অভিনয় আমি ব্যক্তিগতভাবে পছন্দ করি। শাকিব খানের সিনেমা আমি দেখি না, তাকে আমার পছন্দও না! তবে আপনার কথাটা শাকিব খানের দিকে ঈঙ্গিত করে। এইভাবে কথাটা এইসময় এইভাবে বলা মোটেই উচিত হয়নি। অন্যের সমালোচনা দেখে সত্যি আমি অবাক হয়েছি। আপনাকে আরো বিনয়ী হতে হবে। আশা করি, সামনে এই ভুলগুলো করবেন না।' আরেকজন লিখেছেন, 'নাটকের নায়কের আবার অহংকার।' সাহেদ শাহ লিখেছেন, 'নিশোর মতো গুণী অভিনেতার পার্সোনালিটির সঙ্গে অন্যের সমালোচনা অপ্রত্যাশিত।' জাভেদ ইকবাল লিখেছেন, 'ছোট পর্দার প্রিয় একজন অভিনেতা ছিল। বর্তমানে তার কথার ধরণ দেখে বোঝা যাচ্ছে তার পা মাটিতে পড়তেছে না। সিয়াম যখন নাটক ছেড়ে সিনেমায় আসছিল অনেককে দেখছি শাকিব খানের টাইম শেষ হেনতেন কত কি বলতে, দিন শেষে রাজা রাজাই থাকে। এসব বক্তব্য দিয়ে নিশো নিজেকে ছোট্ কাতারে নিয়ে গেছে।' নিশো তার বক্তব্যে কারো নাম উল্লেখ করেননি। কিন্তু সাধারণ সিনেমাপ্রেমীদের পাশাপাশি শাকিব ভক্তরা বিষয়টি ইতিবাচকভাবে গ্রহণ করেননি। যদিও নেটিজেনদের একটি অংশ নিশোর মন্তব্য সমর্থন করছেন। সাইফুর সিয়াম নামে একজন লিখেছেন, 'এখানে শাকিবের কথা আসেনি এবং সেও শাকিবকে মিন করে কিছু বলেনি। এটা সত্য যে একসময় হিরোরা এক্সক্লুসিভ থাকার চেষ্টা করতো কিংবা বিয়ে করলেও তা গোপন রাখতো শুধু জনপ্রিয়তা হারানোর ভয়ে। লক্ষ্য করুন, জায়েদ খানের দিকে।



# কলকাতায় যাচ্ছে 'সুড়ঙ্গ'

**বিনোদন প্রতিবেদক :** কাইজার সিরিজের মাধ্যমে কলকাতায় বেশ জনপ্রিয়তা পান আফরান নিশো। তার অভিনয়ের গুণে মুগ্ধ অনেকেই। এতোদিন তাকে নাটকে দেখা গেলও এবার ঈদে রায়হান রাফির 'সুড়ঙ্গ' সিনেমার হাত ধরে বড় পর্দায় ডেবিউ করেন তিনি। এবার নিশো তার প্রথম সিনেমা 'সুড়ঙ্গ' নিয়ে আসছেন কলকাতায়। 'সুড়ঙ্গ' সিনেমার প্রযোজক শাহরিয়ার শাকিল বলেন, 'আমাদের মনে হয়েছে এই সিনেমার যা গল্প সেটা পশ্চিমবঙ্গের দর্শকদের ভালো লাগবে। সেই জন্যই। আমাদের দেশে সাফল্যের কথা ভেবে এটাকে কলকাতায় নেয়া হচ্ছে এমনটা একদমই নয়।' তিনি আরও বলেন, 'ভারতের প্রযোজনা সংস্থা এসভিএফ থেকে সেন্সরে 'সুড়ঙ্গ' জমা দেয়া হয়েছে। এটি কোনো সিনেমার বিনিময়ে যাচ্ছে না। বাংলাদেশের আইন অনুযায়ী ভারত থেকে কোনো সিনেমা এ দেশে এনে দেখাতে হলে বিনিময়ে এ দেশের একটি সিনেমা সেখানে মুক্তি দিতে হবে। যেহেতু এসভিএফ ভারতের একটি কোম্পানি, তারা এ দেশ থেকে সিনেমাটি নিয়ে যাচ্ছে। তাই বিনিময়ের প্রয়োজন নেই।' ভারতে 'সুড়ঙ্গ' ছবির ডিস্ট্রিবিউশনের দায়িত্ব নিয়েছেন এসভিএফ। ২২ জুলাই 'সুড়ঙ্গ' ছবিটি কলকাতায় মুক্তি পাবে কি না জানতে চাইলে এসভিএফের মুখপাত্র বলেন, 'না, এখনই তারিখ বলা যাচ্ছে না। আগে ছাড়পত্র পাক। তবে খুব শীঘ্রই মুক্তি পাবে।'